ভক্তপ্রসাদ ঃ ভক্তপ্রসাদই মধুসূদের এই প্রহসনের 'বুড় সালিক'। সামন্তপ্রভু হওয়ার সূত্রে ভক্তপ্রসাদের যে পরিচয় সর্বপ্রথম উঠে আসে সেখানে সে অত্যাচারী শোষক। সারাক্ষণ তার মুখে হরি, দীনবন্ধু ইত্যাদি শোনা যায়। মালা জপতে জপতেই হানিফকে বলেন, "তোদের ফসল হৌক আর না হৌক তাতে আমার কি বয়ে গেল।" প্রত্যাশিতভাবেই দুরকম মুখোশের আড়ালে একজন লোভী, দুশ্চরিত্র মানুষ বাস করে। একটা মুখোশ সামন্তপ্রভুর আর একটা নিষ্ঠাবান বৈষ্ণবের। গদাধরের মুখে হানিফের নতুন নিকে করা 'ছুড়ী'র রূপের বর্ণনা শুনে তাই প্রাথমিক ধাক্কায় জমিদারবাবুর মালা জপার বেগ বেড়ে যায়। মুসলমানের মেয়ে-বউদের সম্পর্কে তার প্রথম প্রতিক্রিয়া তাদের 'মুখ দিয়ে যে প্যাঁজের গন্ধ ভক্‌ভক্ করে বেরোয় তা মনে হল্যে

বমি এসে'। ভক্তপ্রসাদ একটু চিন্তিতও হয়ে পড়েন পরকালের কথা ভেবে। কিন্তু নিজের পক্ষে যুক্তিখাড়া করতে তাঁর বিলম্ব হয় না। এবং পরম বৈষ্ণবের মতই সমস্ত ভালোমন্দের দায় অবশেষে ঈশ্বরের ওপর ন্যস্ত করে নিশ্চিন্ত হন "দীনবন্ধো, তুমিই যা কর। হা, স্ত্রীলোক—তাদের আবার জাত কি? তারা তো সাক্ষাৎ প্রকৃতিস্বরূপা, এমন তো আমাদের শাস্ত্রেও প্রমাণ পাওয়া যাচ্যে;—বড় সুন্দরী বটে, অ্যাঁ? ..."ভক্তপ্রসাদ নারীর বিষয়ে খরচ সম্পর্কে অকৃপণ হয়ে পড়েন। আসলে হানিফের স্ত্রী ফতেমাই নয়, যে কোন নারী সম্পর্কেই ভক্তপ্রসাদের এই দুর্বলতা। তাই ফতেমা সম্পর্কে প্রলুব্ধ হতে হতেই পীতাম্বরের মেয়ে পঞ্চীকে দেখে ভক্তপ্রসাদ একটা বিকৃত কামনায় পুড়তে থাকেন।

ভক্তপ্রসাদ বুড়ো হলেও কামনার আগুন তৃপ্ত হয় না। আসলে সমাজপতি সেজে সমাজের মাথায় বসে থেকে যারা ধর্মের জয়জয়কার করে, তাদের মধ্যেই থাকে ভক্তপ্রসাদের মত অসৎ মানুষ। সমাজপতি হওয়ার সূত্রে নিজের সমস্ত অপকর্মের ব্যাখ্যা শাস্ত্র থেকে খুঁজে নেয়। আসলে শাস্ত্রের অপব্যাখ্যায় ভক্তপ্রসাদের জুড়ি নেই। শাস্ত্রের দোহাই দিয়েই একটা বড় সময় ধরে কৌলিন্য প্রথা চলেছে। পুরুষের বহুবিবাহকে গৌরবান্বিত করা হয়েছে। শাস্ত্রের দোহাই দিয়েই বাল্যবিবাহ হয়েছে। শাস্ত্রের দোহাই দিয়েই সতীদাহ হয়েছে। ভক্তপ্রসাদ নিজের কামনা চরিতার্থ করতে গিয়ে দু'বার শাস্ত্রের দোহাই পেড়েছেন—

(ক) হানিফের স্ত্রী ফতেমার সঙ্গে সম্পর্ক তৈরি হলে ভক্তপ্রসাদের পরকাল 'নষ্ট' হয়ে যাবে কিনা, এই চিন্তা প্রথমেই উদয় হয়। আসলে তো পরকালের চেয়ে ইহকালের কামনার টান ভক্তপ্রসাদের অনেক বেশি। অতএব ঃ "হাঁ, স্ত্রীলোক—তাদের আবার জাত কি? তারা তো সাক্ষাৎ প্রকৃতিস্বরূপা, এমন তো আমাদের শাস্ত্রেও প্রমাণ পাওয়া যাচ্যে, ..."

(খ) হানিফের স্ত্রী সম্পর্কে ভক্তপ্রসাদবাবুর আসক্তির একটা বড় হেতু—সে সুন্দরী। কিন্তু তার চেয়েও বেশি লোভ বা আকর্ষণ, তার যৌবনের প্রতি। মনে মনে তার শাস্ত্রের একটা কুৎসিত অপব্যাখ্যা দিয়ে বৃদ্ধ ভক্তপ্রসাদ বলেন ঃ "ছড়ী দেখ্‌তে মন্দ নয়, বয়স অল্প, আর নবযৌবনমদে একেবারে যেন ঢলে ঢলে পড়ে। শাস্ত্রে বলেছে যে, যৌবনে কুক্কুরীও ধন্য!"

—এই এক ভক্তপ্রসাদবাবু। কত পঞ্চী, ফতেমা, ইচ্ছে-রা ভক্তপ্রসাদের লোভের বলি হয়েছে তার সবটা লেখাজোখা নেই। আবার ছেলে অম্বিকা সম্পর্কে যখন ভক্তপ্রসাদ আনন্দর সঙ্গে কথা বলেন, তখন রক্ষণশীল পিতার মুখোশ পরে নিতে ভুল হয় না। আনন্দর কাছে ভক্তপ্রসাদের প্রথম প্রশ্ন, অম্বিকার পড়াশোনা কেমন হচ্ছে এবং দ্বিতীয় প্রশ্ন অম্বিকা কোন 'অধর্ম্মাচরণ' শিখছে কিনা। ভক্তপ্রসাদের অধর্মাচরণের সংজ্ঞা, ব্রাহ্মণের প্রতি অবহেলা, গঙ্গাস্নানের প্রতি ঘৃণা, এই সকল খ্রিষ্টিয়ানি মত-'। অন্যদিকে, জমিদার মশাই অত্যন্ত সচেতন যে অম্বিকা অধঃপাতে যাবে না কারণ—"সে আমার ছেলে কিনা"। কলকাতায় 'কায়স্থ, ব্রাহ্মণ, কৈবর্ত্ত, সোনারবেনে, কপালী, তাঁতী, জোলা, তেলী, কলু'—সব জাত বিচার উঠে গিয়ে পরস্পরের ছোঁয়া খায় শুনে আতঙ্কিত ভক্তপ্রসাদ। 'কলকেতায়' হিন্দুরা মুসলমান বাবুর্চি রাখে শুনে ঘেন্নায় 'থু! থু!' করে ওঠেন তিনি। অথচ ফতেমার যৌনব সম্পর্কে তাঁর কোন বাছবিচার থাকে না।

ভক্তপ্রসাদরা সমাজের বিপজ্জনক চরিত্র কেননা এরা স্বচ্ছন্দে মুখোশ পরে ঘুরতে পারে। নিজেরা অন্যায়

করছে জেনেও ধর্মের জয়জয়কার করতে এদের বিবেকে বাধে না।

২.৪ অন্যান্য চরিত্র

'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে ভক্তপ্রসাদ ছাড়া গ্রামের অন্য সকলেই প্রায় দরিদ্র শ্রেণির মানুষ। যদিও পীতাম্বর তেলী ও তার পরিবারকে কিছুটা বর্ধিষ্ণু বলেই মনে হয়। গদাধর, বাচস্পতি, হানিফ, ফতেমা—এরা সবাই নিম্নবিত্ত।

গদাধর নিম্নবিত্ত কিন্তু সেও অধঃপতিত। ভক্তপ্রসাদের নারী-আসক্তির সুযোগ নিয়ে সে কিছু আদায় করে নেয় এবং উৎসাহিতও করে তার প্রভুকে। প্রহসনের একেবারে শুরুতে হানিফের সঙ্গে গদাধরের কথোপকথনের সময় আপাতদৃষ্টিতে গদাধরকে সহৃদয়, সংবেদনশীল একজন মানুষ বলে মনে হয়। নিজে সে দরিদ্র এবং আর একজন দরিদ্র মানুষের বিপদে তাকে সহমর্মী বলেই মনে হয়। হানিফকে জমাদারের কাছে জমা দিয়ে আসার প্রস্তাব দিলে হানিফ তাই তার হয়ে দুটো কথা বলার জন্য গদাধরকে অনুরোধ করে। এরপরই গদাধর নিজমূর্তি ধারণ করে। হানিফকে আশ্বস্ত করে সে ভক্তপ্রসাদের কাছে হানিফকে মাপ করে দেওয়ার অনুরোধ জানায় এই শর্তে ঃ "ও বেটা এবার যে ছুঁড়ীকে নিকে করেছে তাকে কি আপনি দেখেছেন?" গদাধর শুধুই অধঃপতিত নয়, সে জানে কথার ভেলকিতে কেমন করে ভোলানো যায় ভক্তপ্রসাদকে। ভক্তপ্রসাদের মনে মুসলমান ফতেমা সম্পর্কে একটু দোটানার বাষ্প দেখেই ঝোড়ো হাওয়ায় উড়িয়ে দেয় তা গদাধর—"মশায়, মুসলমান হলো তো বয়ে গেল কি? আপনি না আমাকে কত বার বলেছেন যে শ্রীকৃষ্ণ ব্রজে গোয়ালাদের মেয়েদের নিয়ে কেলি কত্যেন।" ভক্তপ্রসাদ সকলের সামনে মালা জপেন, হরির নাম করেন আর অন্ধকারে মেয়েদের সর্বনাশ করেন। সেখানে গদাধরই তার প্রধান সহায়ক। গদাধর পাকা ব্যবসায়ীর মতই দরাদরি করে—"আজ্ঞে এর কম হবে না, ... হাজারো হোক ছুঁড়ী বউমানুষ কি না।"—অর্থাৎ শ্রেণিগত অবস্থানে হানিফদের সঙ্গে একই ধাপে থাকলেও গদাধর কিছুটা স্বতন্ত্র। মেয়ে ব্যবসায়ের দালাল। তাই তার স্বগত কথন—"কত্তাটি এমনি খেপে উঠলিই তো আমরা বাঁচি,—গো মড়কেই মুচির পার্ব্বণ।" গদাধর অন্যায় করেও বিন্দুমাত্র অনুতপ্ত হয় না বরং ফতেমার বর্ণনা দিতে গিয়ে সে খুব সহজেই তার তুলনা করে ইচ্ছে নামের আর একটা মেয়ের সঙ্গে। "আজ্ঞে, ঐ যে ভট্চাজ্যিদের মেয়ে। আপনি যাকে—(অর্দ্ধোক্তি) তার পরে যে বেরিয়ে গিয়ে কসবায় ছিল"। শুধু তাই নয়, তার বর্তমান অবস্থা সম্পর্কেও পরম তাচ্ছিল্যের সঙ্গে সে বলে, "আজ্ঞে সে এখন বাজারে হয়ে পড়েছে। ..."

তাই প্রহসনের শেষ দৃশ্যে ভক্তপ্রসাদের প্রাপ্য লাঞ্ছনার একটু ভাগ (ভূতের ভয়) তাকেও পেতে হয়। গদাধর দরিদ্র, আবার কিছুটা অসৎও।

বাচস্পতি ব্রাহ্মণ কিন্তু সে দরিদ্র। ভক্তপ্রসাদ ব্রাহ্মণ-দেবতা ইত্যাদি সম্পর্কে শ্রদ্ধায় অবনত হন কথায় কথায়, আবার দরিদ্র বাচস্পতির সম্পত্তি কেড়ে নেন। বাচস্পতির মা মারা গেলে দরিদ্র ওই ব্রাহ্মণ সাহায্য প্রার্থী হয়ে এলে সে মাত্র পাঁচ টাকা পায়। বাচস্পতি ব্রাহ্মণ হলেও সে হানিফদের অত্যন্ত প্রিয়জন, কাছের মানুষ। সে

কারণেই হানিফ পরামর্শ করার জন্য বাচস্পতিকেই বেছে নেয়। বাচস্পতি বুদ্ধিমান। তার পরিকল্পনা অনুসারেই ভক্তপ্রসাদকে উচিত শিক্ষা দেওয়া গিয়েছিল।

হানিফ সৎ কৃষক। সে অশিক্ষিত, দরিদ্র কিন্তু তার ভাবনায়-কথায়-কাজে মিল। সে ছলনা বোঝে না। তার কথা স্পষ্ট।

২.৫ প্রহসন ঃ তুলনা এবং প্রতিতুলনা

মাইকেল মধুসূদন দত্ত ১৮৬০-এ এই দুটি প্রহসন লিখলেন। আসলে উনিশ শতক থেকেই বাংলা সাহিত্য প্রতিবাদের হাতিয়ার হতে শুরু করেছিল। মধুসূদন দত্তের সঙ্গে বিদ্যাসাগরের একটা আত্মিক যোগাযোগ ছিল। সমাজ সংস্কার আন্দোলনের প্রয়োজনীয়তা মধুসূদনের মত নাট্যকারের পক্ষে অনুধাবন করা তাই স্বাভাবিক। ডিরোজিওর যুক্তিবাদী আন্দোলনের পরোক্ষ প্রভাবও নাট্যকারের ওপর পড়েছিল; অতএব তিনি দুটি প্রহসনে সমাজের দুটি জ্বলন্ত সমস্যাকে তুলে ধরেছেন।

'একেই কি বলে সভ্যতা?'য় নবকুমার, কালীনাথবাবু ইত্যাদি চরিত্রের মধ্য দিয়ে যুব সমাজের অধঃপতিত হওয়ার প্রবণতা এবং অসম্পূর্ণ ইংরেজি শেখা যুবকদের মধ্যপানে আসক্তি, সভা-সমিতির নামে বেলেল্লাপনা ইত্যাদি তুলে ধরেছেন। সভ্যতার সঠিক অর্থ না বুঝে নকল ইওরোপিয়ান মুখোশটাকেই আসল বলে ধরে নেওয়া যে দেশের সংস্কৃতিকে বিনষ্ট করে ফেলতে পারে এই প্রহসনের মধ্য দিয়ে তাই তুলে ধরেছেন নাট্যকার। হরর এই খোদাক্তিতে তাই প্রহসন শেষ হয় ঃ "বেহায়ারা আবার বলে কি, যে আমরা সায়েবদের মতন সভ্য হয়েচি। হা আমার পোড়া কপাল! মদ্ মাস খেয়ে ঢলাঢলি কল্লেই সভ্য হয়?—একেই কি বলে সভ্যতা?"

'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে সমাজ সমস্যার অন্য একটা দিক তুলে ধরা হয়েছে। নষ্ট চরিত্রের সমাজপতিদের আসল রূপ তুলে ধরা হয়েছে এই প্রহসনে। তাদের মুখোশ টেনে খুলতে পারলেই যে সমাজকে দূষণমুক্ত করা সম্ভভব তার ইঙ্গিতও দিয়েছেন। ভক্তপ্রসাদের বিকৃত রুচিই তাই এই প্রহসনের শেষ কথা নয়, শেষ হয়েছে তার আক্কেল তৈরি হওয়ার মধ্যে ঃ

"আমি যেমন অশেষ দোষে দোষী ছিলেম, তেমনি তার সমুচিত প্রতিফলও পেয়েছি। এখন নারায়ণের কাছে এই প্রার্থনা করি যে এমন দুর্ম্মতি যেন আমার আর কখনও না ঘটে।"

পরবর্তী কালে দীনবন্ধু মিত্রের আর একটি সাড়াজাগানো প্রহসন 'বিয়ে পাগলা বুড়ো'-তে এইরকমই একটি সমাজ-সমস্যা উঠে এসেছে। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনের ভক্তপ্রসাদের মতই সেখানেও এক বিগতযৌবন বৃদ্ধ বারবার বিয়ে করতে চায়। বলাবাহুল্য সেখানেও তার লক্ষ্য বালিকা, কিশোরী, যুবতীরা। অবশেষে পাড়ার সচেতন যুবকরা বুড়োর বিয়ে করার প্রবণতা ঘুচিয়ে দেয়। একটা শুয়োরকে কনে সাজিয়ে উপস্থিত করে এবং এভাবেই তার চৈতন্যোদয় ঘটে।

তিনটি প্রহসনেই সমাজের সমস্যাকে চিহ্নিত করে তার সমাধানের ইঙ্গিতও দেওয়া হয়েছে। আসলে 'Art for art sake'—এই ধারণায় সাহিত্য রচনা যেমন হয়েছে, তেমনি উনিশ শতক থেকেই সমাজ সংস্কারের

জন্যও সাহিত্যকে ব্যবহার করা হয়েছে। এই সব প্রহসন সেই সব সাক্ষ্য বহন করে।

২.৬ বিস্তৃত প্রশ্ন

১। বাংলা সাহিত্যে 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির গুরুত্ব বিচার করুন।

২। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনের ভাষা বৈশিষ্ট্য দৃষ্টান্ত সহযোগে আলোচনা করুন।

৩। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ', 'একেই কি বলে সভ্যতা?' এবং দীনবন্ধু মিত্রের 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসন তিনটির তুলনামূলক আলোচনা করুন।

৪। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনের চরিত্র চিত্রণের সার্থকতা বিচার করুন।

২.৭ অবিস্তৃত প্রশ্ন

১। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনের নারী চরিত্রগুলির বৈশিষ্ট্য আলোচনা করুন।

২। হানিফ চরিত্রটি আলোচনা করুন।

৩। প্রহসনের শেষ অঙ্কে শিবমন্দিরের দৃশ্য বর্ণনা করুন।

৪। আনন্দ, চরিত্রটি কতটা প্রাসঙ্গিক বলে আপনার মনে হয়?

সংক্ষিপ্ত প্রশ্ন

১। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির রচনাকাল কত?

২। ভক্তপ্রসাদের ছেলের নাম কী?

৩। 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনের নারী চরিত্রগুলির নাম লিখুন।

৪। এই প্রহসনের শেষে একটি নীতিশিক্ষা কাব্যের আকারে লেখা আছে। সেটা কি এবং কতটা প্রাসঙ্গিক।

২.৮ সংক্ষিপ্ত প্রশ্ন

১। "ধনঞ্জয় অষ্টাদশ দিনে একাদশ অক্ষৌহিনী সেনা বধ করেন"—কে, কখন বলেছিল?

২। "কলিদেব এতদিনেই যথার্থরূপে ভারতভূমিতে অবতীর্ণ হলেন।"—কে, কখন বলেছিল?

৩। 'তজ্‌দি', 'ব্রহ্মত্র' কথা দুটির অর্থ কী?

৪। "চার ঘড়ীর" সময় কে, কাকে, কোথায় যেতে বলেছিল?

বাংলা নাটক ❑ মালিনী (রবীন্দ্রনাথ ঠাকুর)

পর্যায় ঃ ১ একক ঃ ৩

৩.১ ❑ রবীন্দ্রনাথ ও 'মালিনী'

৩.২ ❑ 'মালিনী' ঃ নাটকের উৎস

৩.৩ ❑ 'মালিনী' ঃ কথাবস্তু

৩.৪ ❑ চরিত্রবিচার ঃ মালিনী

৩.৫ ❑ নায়কবিচার ঃ সুপ্রিয় ও ক্ষেমঙ্কর

৩.৬ ❑ অপ্রধান চরিত্র ঃ মহিষী, কাশীরাজ

৩.৭ ❑ নাট্যদর্শন ঃ 'মালিনী'

৩.৮ ❑ কাব্যনাট্য হিসেবে 'মালিনী'

৩.৯ ❑ ঐতিহাসিক ও 'মালিনী'

৩.১০ ❑ ট্র্যাজেডিবিচার ঃ 'মালিনী'

৩.১১ ❑ সংলাপ বিচার ঃ 'মালিনী'

৩.১২ ❑ কবিত্ব ঃ 'মালিনী'

৩.১৩ ❑ নাট্যপ্রযোজনা ঃ 'মালিনী'

৩.১ ❑ রবীন্দ্রনাটক ও 'মালিনী'

রবীন্দ্রনাথের মোট নাটকের সংখ্যা ৫১। বিভিন্ন আকারের ও প্রকারের বর্গেই, গীতিনাট্য, নাটিকা, নাট্যকাব্য, কাব্যনাট্য, প্রহসন, ঋতুনাট্য, রূপক-সাংকেতিক নাটক, ঋতুনাট্য, সামাজিক নাটক, নৃত্যনাট্যের শ্রেণী থেকেই সংখ্যাটি এসেছে। প্রথম ও শেষ প্রকাশিত নাটক যথাক্রমে 'রুদ্রচণ্ড' (১৮৭৮ খ্রিস্টাব্দ) ও 'শ্যামা' (১৯৩৬ খ্রিস্টাব্দ)। বাংলা সাহিত্যের প্রায় সব শাখাতে স্বচ্ছন্দভাবে বিচরণ করেছেন রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১)। তাঁর কাব্যসাহিত্যের পর, সাহিত্যক্ষেত্রে তাঁর সৃজনশীলতার সবচেয়ে বেশি প্রকাশ পাওয়া যায় তাঁর নাট্যরচনায়। তাঁর নাট্যরচনার বিভিন্ন স্তরে অভিনয়, নৃত্য, অঙ্গসজ্জা, কোরাস, মঞ্চ আছে বিশেষ। কিন্তু নাটকের রবীন্দ্রনাথের প্রতিভা অন্যান্য সমকালীন রীতিগুলোর তুলনায় স্বাতন্ত্র্যে স্বাক্ষর অতুল। নাট্যসাহিত্যের বিকাশে তিনি পুষ্টিশীল এক শিল্পী। সেই সময়ে গীতিনাট্যের আঙ্গিকে ছন্দে 'বাল্মীকিপ্রতিভা', 'মায়ার খেলা' রচনা করেছেন। এরপর শেক্সপীয়ার রোমান্টিক ট্র্যাজেডির আদর্শে 'রাজা

ও রাণী', 'বিসর্জন'-এর মতো নাটক লেখা। 'চিত্রাঙ্গদা', 'বিদায়-অভিশাপ', 'গান্ধারীর আবেদন', 'কর্ণকুন্তীসংবাদ'-এর মতো কাব্যনাট্যে নাটকীয় সমস্যাগুলির সঙ্গে ব্যবহারিক ধর্মের সংঘাতচিত্র। 'শারদোৎসব', 'রাজা', 'অচলায়তন', 'মুক্তধারা', 'রক্তকরবী'-এর মতো তত্ত্বনাট্যে কোনো এক সূক্ষ্ম দার্শনিক চেতনায়, অতীন্দ্রিয় আবেদনে পৌঁছানোর চেষ্টা। 'গোড়ায় গলদ', 'চিরকুমার সভা'-র মতো প্রহসনে স্নিগ্ধ বিদ্রূপ ও কৌতুকরসময়তার আস্বাদ। 'শেষবর্ষণ', 'বসন্ত', 'ফাল্গুনী'-এর মতো নাটকে রবীন্দ্রনাথ যেন প্রকৃতির প্রতিনিধি। আবার 'শ্যামা', 'চণ্ডালিকা', 'নটীর পূজা', 'তাসের দেশ'-এর মতো নৃত্যনাট্যে অবলীলায় বিস্ময়ের নৃত্যছন্দটি সাবলীল। গীতিনাট্যশৈলী, উপন্যাসনাট্যশৈলী, বিষয়বস্তুর বিবিধ রূপায়ণ—সব মিলিয়ে রবীন্দ্রনাথের নাটক মধুসূদন-দীনবন্ধু-জ্যোতিরিন্দ্রনাথ-গিরিশচন্দ্র-দ্বিজেন্দ্রলালের নাট্যসৃষ্টির বিপরীতে পরিচিতি আদায় করেছে। আঙ্গিক থেকে বিষয় জীবন, ইতিহাস থেকে সমকালীনতা সবকিছুই এক সময়ে ছুঁয়েছে রবীন্দ্রনাথকে। 'মালিনী'ও (১৮৯৬) তার অন্তর্ভুক্ত।

রবীন্দ্রনাথ খুব আলোচনাসূত্রেও কোনো এক স্থান খুঁজেছেন পৌরাণিক, ঐতিহাসিক আধারে জীবনের বস্তুকে আশ্রয় করে সমকালীনতার প্রেক্ষায় তার মুক্তির প্রতিভা পেতে। 'মালিনী'-তেও তেমনই হয়েছে। 'বিসর্জন' (১৮৯০) নাটকের সঙ্গে, 'সোনার তরী' (১৮৯৪) কবিতার সঙ্গে, 'কাহিনী' (১৯০০) গ্রন্থের মধ্যে দেখার তার সাদৃশ্য। প্রেম-প্রেম-বন্ধুত্বের দ্বন্দ্বমুখরতায় পেরিয়ে পৃথিবীর দূরত্বটি করে বিশ্বপৃথিবীর মমতায় যা দিয়ে যেন আত্মসত্তার জীবনধারাটিকেই মহত্তর।

৩.২ ❑ 'মালিনী' ঃ নাটকের উৎস

'মালিনী' নাটকের দুটি সমান্তরাল উৎস আছে। একটি, রবীন্দ্রনাথের লন্ডনে বাস করার সময়ে ঘুমের মধ্যে দেখা একটি স্বপ্ন। অন্যটি হল বৌদ্ধসাহিত্যের মহাবস্তু অবদানের একটি কাহিনি। এই নাটিকাটির প্রেরণা রবীন্দ্রনাথ কিভাবে পেয়েছিলেন তা জানা যায় তাঁর ভাষাতেই—

"মালিনী নাটিকার উৎপত্তির একটা বিশেষ ইতিহাস আছে, সে স্বপ্নঘটিত।...তখন ছিলুম লণ্ডনে। নিমন্ত্রণ ছিল প্রিমরোজ হিলে তারক পালিতের বাসায়। প্রবাসী বাঙালিদের প্রায়ই সেখানে হত জটলা, আর তার সঙ্গে চলত ভোজ। গোলেমালে রাত হয়ে গেল। ...পালিত সাহেবের অনুরোধে তাঁর ঘরটাতেই রাত্রি-যাপন স্বীকার করে নিলুম। বিছানায় যখন শুলুম তখনো চলছে কলরবের আবিল স্বর্গ, আমার ঘুম ছিল আবিল হয়ে। এমন সময় স্বপ্ন দেখলুম, যেন আমার সামনে একটা নাটকের অভিনয় হচ্ছে। বিষয়টা একটা বিদ্রোহের চক্রান্ত। দুই বন্ধুর মধ্যে এক বন্ধু কর্তব্যবোধে সেটা ফাঁস করে দিয়েছেন রাজার কাছে। বিদ্রোহী বন্দী হয়ে এলেন রাজার সামনে। মৃত্যুর পূর্বে তাঁর শেষ ইচ্ছা পূর্ণ করবার জন্যে তাঁর বন্ধুকে যেই তাঁর কাছে এনে দেওয়া হল দুই হাতের শিকল তাঁর মাথায় মেরে বন্ধুকে দিলেন ভূমিসাৎ করে।... অনেককাল এই স্বপ্ন আমার জাগ্রত মনের মধ্যে সঞ্চরণ করেছে। অবশেষে অনেক দিন পরে এই স্বপ্নের স্মৃতি নাটিকার আকার নিয়ে শান্ত হল।"

মহাবস্তু-অবদানের কাহিনীটি হল এই রকমের : মালিনী কাশীরাজের রাজকন্যা। কিন্তু কাশ্যপ তাঁর পরম আশ্রয় হয়। বৌদ্ধ শ্রমণ কাশ্যপের সম্পর্কে রাজার ব্রাহ্মণকুলের আচার পরম বিরোধ। বিরোধবিষয় কাশ্যপকে রাজপুত্র আক্রমণ করতে কিন্তু রাজা ব্রাহ্মণের দল রাজাকে বাধ্য করেন মালিনীকে নির্বাসিত করতে। মালিনী ঐ দণ্ড মেনে নিয়েও এক সপ্তাহ সময় প্রার্থনা করেন পিতার কাছে। ইতিমধ্যে রাজপরিবার ও আত্মীয়কুল মালিনীর পাশে এসে দাঁড়ান। রাজা, রাজপুত্র এবং অমাত্যরা সকলেই বৌদ্ধধর্মে দীক্ষিত হন। প্রধান নাগরিকেরাও তাঁর সমর্থনে এগিয়ে আসেন। ব্রাহ্মণ পুরোহিতেরা রাজার ওপর চাপ সৃষ্টি করেন একদিকে, অন্যদিকে কাশ্যপকে হত্যা করার উদ্যোগ নেন। পরিশেষে, তাঁদের সেই ষড়যন্ত্র ব্যর্থ হলে, সম্পর্কে মালিকা হয় রাজ্যে। ব্রাহ্মণদের কিছু হয়ে যায়।...রাজেন্দ্রলাল মিত্রের 'Sanskrit Buddhist Literature of Nepal (1882) গ্রন্থ থেকে রবীন্দ্রনাথ এই গল্পের কাঠামোটি আহরণ করেন। নাটকটির প্রথমাংশ মহাবস্তু-অবদান এবং দ্বিতীয়াংশ অবদানশতক থেকে সংকলিত হয়েছে।

৩.৩ ❑ 'মালিনী' ঃ কথাবস্তু

কাশীরাজের রাজকন্যা মালিনী বৌদ্ধধর্মের আদর্শে দীক্ষিত। কাশ্যপের কাছে তিনি মানবধর্মের শিক্ষা নিয়েছিলেন। রাজা হিন্দুধর্মাবলম্বী। রাজার কন্যার বিধর্মে দীক্ষা—এমন আশঙ্কায় ব্রাহ্মণেরা বিদ্রোহী হয়েছেন। তাঁরা রাজকন্যাকে নির্বাসন করার প্রস্তাব দিয়েছেন। একদিকে বিদ্রোহের আশঙ্কায় রাজসিংহাসন— অন্যদিকে স্নেহ রাজা দোলায়মান। দোলায়মান নিরুপায় রাজমহিষীও। ব্রাহ্মণদের কথা মালিনীর আদর্শের আশঙ্কায় কম্পিত হয়ে যাচ্ছে। আবার রাজাকে পালন করতে মালিনীকে নির্বাসন দেবার কথা শুনে। তার একাগ্রেই একদিন কন্যার অনুগামী হয়ে ওঠেন। মালিনীকে রাজ্যে আটকে রাখতে চান মোহবন্ধনীতে আর মালিনী নিজেকে বিলিয়ে দিতে চান 'বহুজন হিতায় চ, বহুজন সুখায় চ'। কিন্তু সেই বহুজন তো সনাতন হিন্দু ধর্মের গণ্ডির ভিতর ব্রাহ্মণ আমলাতন্ত্রের কথা ভাবতে পারেনা। তারা চায় মালিনীর নির্বাসন।

একারণেই ব্রাহ্মণেরা বিদ্রোহের মাঝখানে একদিন এসে দাঁড়ায় মালিনী। ক্ষেমংকর, সোমাচার্য, চারু দত্ত এবং অন্যান্য ব্রাহ্মণেরা মালিনীর উপস্থিতিতে প্রথমে হতবাক হয়ে যায় ঃ

> "এ কী দেবী, এ কী মেয়ে। মায়াময়ী এ যে
> এসেছেন মানবের মাঝখানে নেমে।
> এ কী অপরূপ রূপ। এ কী জ্যোতির্ময়ী
> দেহখানি। এ তো নহে সামান্য নারী।
> কোথা হতে এলে মাতঃ কী লাগিয়া হেথা,
> কী করিতে চাও?..."

এভাবেই মালিনী লোকমাতার ভূমিকায়। ব্রাহ্মণরা দেখে সেই মালিনীকে, মালিনীর লোকমাতাকে। ব্রাহ্মণদের নেতা ক্ষেমংকর। তিনি বিদ্রোহের নেতা বাইরে থাকতে কাশী ছেড়ে চলে গিয়েছিলেন। যেতে গিয়েছিলেন

মিত্রবন্ধু সুপ্রিয়কে। সুপ্রিয় মালিনীকে প্রথম দেখেই মুগ্ধ হয়েছিল। মালিনীর মানবধর্ম সম্পর্কে সুপ্রিয়র বোধ দিয়েছিলো। অন্যদিকে ক্ষেমংকর চিঠিতে সুপ্রিয়কে জানিয়েছিল, সে বহুদূরবর্তী নগরী থেকে সৈন্যদল নিয়ে কাশীতে ফিরবে রাজকুমারী মালিনীর রক্তপাত নিতে। সুপ্রিয় তার প্রিয় মানবীর জন্য বিসর্জন দেয় আশৈশব বন্ধুত্ব। ক্ষেমংকরের চক্রান্তের কথা সে জানিয়ে দেয় রাজাকে। রাজা গুপ্তচর দ্বারা গোপনে সৈন্যদল দিয়ে ক্ষেমংকরকে আক্রমণ করে। আকস্মিক আক্রমণে পরাজিত ও বন্দী হন ক্ষেমংকর। রাজা সুপ্রিয়কে পুরস্কার দিতে চান এবং তাকে 'অন্তরের আশা' পূর্ণ করার আশ্বাস দেন। সুপ্রিয় আঘাত করেছে ক্ষেমংকরের বিশ্বাসে। সে অমর্যাদা করেছে বন্ধুত্বের। অনুতাপে দগ্ধ হতে থাকে সুপ্রিয়। বন্ধুর মুক্তিদান ভিক্ষা করার অনুরোধ জানায় সে রাজাকে। রাজার কিছুই অদেয় ছিলনা সুপ্রিয়কে। রাজা ক্ষেমংকরের প্রাণভিক্ষা দিতে স্বীকৃত হন। সেইসঙ্গে মালিনীকেও সমর্পণ করতে চান সুপ্রিয়র হাতে। রাজার শুধু ক্ষেমংকরের কাছে অন্য এক পরীক্ষা নেওয়ার সাধ ছিল। ক্ষেমংকরের চিত্তের পরীক্ষা নেবার জন্য তাকে উপস্থিত করা হয় মালিনী, সুপ্রিয়, রাজা সকলের উপস্থিতিতে। ক্ষেমংকর কিছু কথা প্রার্থনা করেন রাজার কাছে। সে ক্ষমা করে না সুপ্রিয়কে। বন্দী ক্ষেমংকর শৃঙ্খল দিয়েই আঘাত করে সুপ্রিয়কে। সুপ্রিয়র মৃত্যু হয়। মালিনী চোখের সামনে দেখে তার প্রণয়ীর মৃত্যু। ক্রুদ্ধ রাজা ক্ষেমংকরকে চরম শাস্তি দিতে চান। তিনি খড়্গ আনার নির্দেশ দেন। নাটকের শেষ মালিনীর মূর্ছা যাওয়ায়। মূর্ছিত হবার আগে তার শেষ উচ্চারণ—"মহারাজ, ক্ষমো ক্ষেমংকরে।"

৩.৪ ❑ চরিত্রবিচার : মালিনী

মালিনী—শব্দটির অনেক অর্থ আছে। ফুলের সন্ধান যে জানে, সেতো সৌন্দর্যের কারবারী। মালিনী তার সুন্দর মন দিয়ে সর্বজনের মধ্যে সুন্দরের চেতনা জাগ্রত করতে চেয়েছে। মালিনী ফুলবিক্রেতার নারী। সেই অর্থেও সে মনে ফুলের রেণু ছড়িয়ে তোলে। বিভিন্ন মানুষের হৃদয় সে ফুলের মাধ্যমে গ্রথিত করে। সে যে ফুলের মালাকার। আবার, মালিনী অর্থে নদীবাহিনী, খরস্রোতা। মানুষের কল্যাণে গঙ্গা প্রবাহিত হয়। মালিনীর ধর্মবোধের মধ্যে প্রবাহিত হয়ে মানুষের কল্যাণকে স্পর্শ করে তোলবার চেষ্টা করেছে। সে গঙ্গারই মতো পবিত্র। দুটি অর্থেই মালিনীর তাৎপর্য একীভূত। সুতরাং রবীন্দ্রনাথ মালিনীর প্রেমধর্মকেই অন্তর্ভুক্ত করার উদ্দেশ্যে নাটকটি রচনা করেছিলেন বোঝা যায়। বালিকা রাজকুমারী থেকে মহৎকালের তাকে বিপুল করে নানা ঘাত-প্রতিঘাতের মধ্যে দিয়ে যেভাবে রবীন্দ্রনাথ তাকে প্রতিষ্ঠিত করেছেন, সেই মালিনী-চিত্রের রূপরেখাটি দেখে নেওয়া যাক—

অন্তর্জগৎবিহারিণী, উদার হৃদয়সম্পন্না কল্যাণময়ী কাশীর রাজকন্যা মালিনী। পিতা-মাতার স্নেহ ছেলেটির মধ্যে আর রাজৈশ্বর্য, বিলাস আড়ম্বর—কিছুর মধ্যেই জীবনের সার্থকতা খুঁজে পায়না মালিনী। তার কানে বাজে মানুষের আকুল আহ্বান। কাশ্যপের কাছে তাই সে মুক্তির মন্ত্র শুনতে চায়।

"...ধর্মাধর্ম
কী যেন বলিছে আমি অন্তরেতে মম
বারম্বার—কিছু আমি নারি বুঝিবারে
জগতের আহ্বান আজি আসিয়াছে আমারে।"

—সেই ডাক শুনে মালিনী রাজঅন্তঃপুর ছেড়ে বাইরে যেতে চায়। রাজকীয় অলংকার, বেশবাস তার কাছে মূল্যহীন। মহিষী কন্যার এই বিসদৃশ আকাঙ্ক্ষায় ব্যথিত হন। মালিনী মহিষীকে স্মরণ করিয়ে দেয় তার মাতামহের কথা। মহিষীর পিতা, মালিনীর মাতামহ আদর্শের জন্য ত্যাগ করেছিলেন সব সম্পদ। সেই কথা স্মরণ করিয়ে দিয়ে মালিনী বলে—

"...সেই বীর ধর্মব্রতী
মোর মাতামহে মনে নিয়েছ, মা, আমি—
আর কিছু নহে। থাক্-না মা, সর্বক্ষণ
তব পিতৃদেবের বাহিরের ধন
তোমারি কন্যার মুখে..."

মালিনী অকুতোভয়। প্রজারা তার নির্বাসন চাইলে মহারাজ এবং রাজমহিষী কাতর হয়ে পড়েন। আর মালিনী অনায়াস উদাসীনতার সঙ্গে বলে :

"প্রজাদের শুনব প্রার্থনা। মহাক্ষণ
এসেছে নিকটে। দাও মোরে নির্বাসন
পিতা।

এই দিকের আর্ত-পীড়িত মানব-মানবীর ডাক শুনতে পায় মালিনী। রাজপ্রাসাদের সুখ-বিলাসের আরাম ত্যাগ করে সে মানব-সেবায় নিজেকে বিলিয়ে দিতে চায়। স্বেচ্ছায় নির্বাসিত হতে চায় রাজঅন্তঃপুর ছেড়ে।

"...কন্যা সেটি তব মহারাজ,
মাগো, ছেড়ে দে মা, কন্যা আমি নহি আর,
নহি রাজসুতা—যে মোর অন্তরবাসী
অধিবাসী মহাপ্রাণী, সেই শুধু আমি।"

—মালিনী রাজা-রাজমহিষীর স্নেহশীলতার উদ্বেগকে উপেক্ষা করে না কিন্তু ব্যক্তি মানুষের একক পরিচয়ে সে মানুষের মাঝখানে দাঁড়াতে চায়। পুরুষতান্ত্রিক সমাজ ব্যবস্থায় নারীর একক অবস্থানকে যেখানে গুরুত্ব দেওয়া হয় নাই বরং, সেখানে মালিনী কিন্তু একক পরিচয়েই মানুষের মাঝে দাঁড়াতে চেয়েছে। পুরোহিত তন্ত্রের কুটিলতার কবলে, রাজতন্ত্রের আধিপত্য সকল প্রাতিষ্ঠানিকতাকেই আঘাত করেছে মালিনী। মালিনীর বিশ্বাস, তার সহিষ্ণুতা তাকে উত্তীর্ণ করেছে একটা অন্য স্তরে। তাই অনায়াসে মালিনী গিয়ে দাঁড়ায় বিদ্রোহী ব্রাহ্মণের মাঝখানে। অকপটে ব্যক্ত করে নিজের পরিচয়। সে 'রাজার দুহিতা' এবং সে-ই সেই

বিদ্রোহিণী নবধর্মের পূজারিণী, যার নির্বাসন কামনা করে তোলপাড় হয়েছে বিপ্রগণ। এরপর 'রাজার দুহিতা' মালিনী উন্নীত হয় 'বিশ্বজনী'র ভূমিকায়।

মালিনী শুধুই লোকমাতার ভূমিকায় অবতীর্ণ নয়। মালিনী অন্তরলোকের সাধনায় ভেঙে যায় না। মালিনী সচেতনভাবে চিত্রায়িত করেছে নিজের অন্তর্মুখী দুর্বলতার দীনতাকে।

"রাজকন্যা আমি—কখনো পরশ খুলে
রাখি নি বাহিরে, দেখি নাই এ সংসার
সুখদুঃখ বিপুল—কোথায় কী ব্যথা আর
জানি না তো কিছু। শুনিয়াছি দুঃখময়
বসুন্ধরা,..."

নাটকের দ্বিতীয় দৃশ্যেই অতএব মালিনীর রূপান্তরের ধারা নির্দিষ্ট হয়ে গেছে।

নাটকের চতুর্থ দৃশ্য থেকে মালিনীর ভূমিকা বদলে যায়। সুপ্রিয়ের মধ্যে আয়নায় নিজের প্রতিবিম্ব দেখছে মালিনী। রাজকন্যা মালিনী নয়, লোকমাতা মালিনী নয়। মালিনী নারী। সুপ্রিয়র মধ্যে নিজের প্রতিবিম্ব দেখতে দেখতে মালিনী নতুন করে আবিষ্কার করে নিজেকে :

"...হায় বিপ্রবর,
যবে তুমি চাহিতেছ আমি যেন কত
অনন্তের প্রেরিতেছি নবীনের মতো।
যে দেবতা স্বর্গ হতে বহুলোক ছাড়ি
নামিছেন একদিন কিছুকাল ধরি
সে আমি কোথায় গেল। সেদিন, ব্রাহ্মণ,
কেন তুমি আসিলে না।..."

মালিনী সুপ্রিয়র কাছে খুঁজে পায় একটি অনাস্বাদিত আনন্দ। তাই ক্ষেমংকর যখন মালিনী সুপ্রিয়র অবাধ্যতার মাঝখানে ক্ষেমংকরের আগমনের খবর নিয়ে এসেছে, মালিনী প্রত্যাখ্যান করেছে ক্ষেমংকরের স্বার্থ।

"আজ নহে, আজ নহে। সকলের কাছে
মিনতি আমার;..."

মালিনী সুপ্রিয়র সম্পর্ক যেন কোন রাজা যার।—একটি পরিণতির পথে এগিয়ে গেছে সেখানেই মালিনীর সামনে একটা অমীমাংসিত দ্বন্দ্বসূত্রের আয়োজন। ক্ষেমংকর অবশ্য সচেতন সমস্তই মনে রেখেছিল রাজকন্যাকে। মালিনীর আপনার আদর্শ, তার নির্ভর নিয়েছেন, তবে বিদ্রোহ করেছেন বিদ্রোহী ব্রাহ্মণেরা। সকলেই স্বীকার করে নিয়েছে মালিনীকে। স্বীকার করে নিয়েছে সুপ্রিয়। শুধু স্বীকার নয়, মনে মনে নিজেকে সমর্পণ করে

৩.৫ □ নায়কবিচার ঃ সুপ্রিয় ও ক্ষেমংকর

এখন দেখা যাক, নায়ক কে। নায়ক হল সেরা যে হারায় না কোনো। আমার নায়ক হল ঘটির আলাদা না পৃথগাত্মকতা। আমাদের 'দটিলগ্রন্থ' অনুযায়ী নায়ক দীর্ঘোন্নত, সিংহস্কন্ধ, প্রাংশু, বিপুল বক্ষপিঞ্জর বিশাল, মদ উপভোগে পারদর্শী, গভীর, সত্যভাষক ও ঈর্ষণীয় পুরুষ যার মধুর আকর্ষণে সবাই মুগ্ধ।

এখন আমিনিকের অনুযায়ী দেখে নেওয়া যুটির ও কেয়াকলের আলোচনা। কেয়াকলের সৌন্দর্যে আকৃষ্ণতা এমনটির। সেখানে নিজেরই প্রাকৃতিক রাজকন্যা আমিনীর নির্বাসিত আবর্তন করে। প্রকৃতপক্ষে, সেখানকার, উচ্চমানের ঘিরেনি প্রাকৃতিকদেশীর অবস্থানে আলাদা করে বিভিন্ন কথা যায় যুটি পুরুষকে। প্রাকৃতিকদেশীর নায়ক তারা। সাধারণের আমি বিভক্তিক সেখানে যাকে না। তবুও একজন যুটির কথা বলে। আমিনিকেতনে আমিনিক প্রকৃতিকের ঐতিহ্যিকতা নিয়ে সে প্রশ্ন তোলে :

"আর। মহাশয়,
যুটে উপাদেশ সেরেছ আর কাকে কথা।
আর নিয়েছিল নির্বাচনে?"

—এই প্রশ্ন যুটিয়ের। সাধারণের পরিচয় নয় সে কিন্তু প্রাকৃতিকতার নিজেরই সে আর, সেই আর্যের তোর আর নেই। সেখানেই প্রাকৃতিকতার আমিনিকেই একটি ঘটির যুটিয়ে। পাঠকদের নিয়ে সে আলোচনা করে একক নিজেরই। কেয়াকলের সঙ্গে তার আমিনিকের মুলাম্পর্ক। বন্ধুত্বের কারণেই শুধু কেয়াকলেই মুখরে পারে যুটিয়েকে। যুটিয়ে কিন্তু নিজেরই হয়। নিজেকে প্রাকৃতিকতার আলাদা তার আছে নিজের।

"বন্ধু, কাকাকে নিজের।
যুগলের যুগিনের পরি পরে আর।
যাপাকের ক্রিয়াকর্ম ছাত্র-উপদেশ
এই শুধু আর আর আমিনিকে বিশ্বাস
নিয়েপরেছ।..."

আমাদের—প্রকারীয় নিয়েপরের নিশ্চাল যুটিয়ের আপেক্ষে। আমিনীর আরো আমাদের কথা যুটিয়ে পরে না ঠিকই কিন্তু যুটিয়ে যে আর্যের কথা বলে, ঠিক, সাধীন প্রাকৃতিকতার নিজুলে সেও তো এক আমাদের আর্য। এই আমাদের আর্যের বীতিনিষ্ঠা, আমন-নিষ্ঠেকার জন্য প্রাকৃতিকতা সেরেক সেরিয়ে তোলেও ঘিরে আছে না যুটিয়ে। এখানেও আমিনী ও যুটিয়ের পথ নিজেদিকে এলাপাত হয়ে যায়।

বন্ধুত্বের আছে কিন্তু যুটিয়ে নমনীয়। বন্ধুর আর নামে আমিনীয়। নামাত, বন্ধুত্ব, প্রেম ও সমাজ "যুটিয়ুটি পরে" নির্ণয় করে না একথা যুটিয়ে নিজেকেকারে আমিনিকে নেয়। এই আমিনীয় আমিনিকেতনে সমাজ নিজেরই প্রাকৃতিক ঘিরেনিক হলেও যখন কেয়াকলে নিজেরের আমার নেকে পরে আসে না, যুটিয়ে তখনও বন্ধুকে প্রত্যাখ্যান করতে পারে না। পরিণত যুটিয়ে অনে অনে নিজেকিত হয়ে নিজেরিল সমাধানের পুনর্নিশ্চিত আছে। কেয়াকলে যুগিনিক প্রকৃতিকের ধনপ্রাপ্ত আলাদা আমার। একক আমি প্রাকৃতিকতা করে পরিণতকর্ম করার সময় করে। যুটিয়ে কিন্তু বন্ধুত্বের আছেরেন তেকে যায়। আর পথ কেয়াকলের পরেনের সঙ্গেও তোল না।

অথচ ক্ষেমঙ্করকে প্রত্যাখ্যান করতেও পারে না সুপ্রিয় তখন সেখানেও বিশ্বাসের যন্ত্রণা, বন্ধুত্বের পথটাই রুদ্ধ হয়ে যায়।

"...নিদ্রাহীন চোখে
দীপহীন শয্যা 'পর।"

সংশয় ভারাক্রান্ত মনকে নিয়েছে সুপ্রিয়। সুপ্রিয় আসলে ধর্মীয়সংস্কারের আবেগের কাছে অসহায়। ঠিক একারণেই মালিনীর কাছেও তার শর্তহীন সমর্পণ। ব্রাহ্মণ্যবাদ, শাস্ত্রবচন ইত্যাদি মানবধর্মের প্রতিকূল হলে সুপ্রিয় তর্ক করে। মালিনী যে নবধর্মের কথা বলে, সেই নবধর্মের কথা বলে, সেই নবধর্মের আদর্শে সুপ্রিয় প্রাণিত নয় কিন্তু মালিনীর কাছে তার স্বীকারোক্তি :

"শাস্ত্রমতে তর্ক করি, নহে তোমা-সনে।
সভায় পণ্ডিত আমি, তোমার চরণে
বালকের মতো।..."

—এই সুপ্রিয়, বন্ধুত্বের কাছে, প্রণয়িনীর কাছে নিজেকে সমর্পণ করতে পারে প্রশ্নাতীত আবেগেই। অতএব বালকের মতোই অসহায় সমর্পণ মালিনীর কাছে : "দেবী নহো মোর তরে"

সুপ্রিয় প্রেমী। মালিনীর কাছে আত্মনিবেদনে তাই সে প্রার্থীর মতোই নিষ্কাশনের নিয়ে দাঁড়ায় তার সামনে

"বন্ধু আমা অমি
অমি চাহ মোরে।"

সুপ্রিয় আদর্শের আত্মত্যাগের মালিনীর সহ-পথিক নয় অথচ সেখানে সুপ্রিয় আর্তিক অনুগ নয়।

বন্ধু সুপ্রিয়র পরাজিত হতে হয় প্রেমিক সুপ্রিয়র কাছে। আজন্ম অর্জিত ও লালিত বন্ধুত্বকে সুপ্রিয় বিসর্জন দেয় মালিনীর পায়ে। বিসর্জন দেয় ঠিকই কিন্তু সেখানে তার মন জুড়ে দ্বিধা। ভালোবাসার মধ্যেই ক্ষেমঙ্করের বিশ্বাস ভেঙে দেয় সুপ্রিয়। আসলে মালিনীর প্রাণ যেখানে নিরাপদ, সেখানে সুপ্রিয় নিজেকে হারিয়ে ফেলে। রাজাকে জানিয়ে দেয় বন্ধু ক্ষেমঙ্করের গোপন অভিসন্ধির কথা। কিন্তু সেই জানিয়ে দেওয়াটা সুপ্রিয়র পক্ষে অতটা সহজ ছিল না। নিজের সঙ্গে যুদ্ধ করতে করতে সে বারে বারে বিক্ষত হয়েছে। রাজার পুরস্কার প্রতি অবজ্ঞাভরে ক্ষেমঙ্কর পরাজিত হলে তাই সুপ্রিয় ভুলে যায় আশার সমুদ্রেই। সেখান থেকে উঠে জীবনকে উপভোগ করার বাসনাও আর সুপ্রিয়র থাকে না। রাজা সুপ্রিয়র সামনে পুরস্কার স্বরূপ কন্যা মালিনীকে তার হাতে তুলে দিতে চাইলেও তাই সুপ্রিয় উল্লসিত হতে পারে না। আসলে একজন অন্ধ মানুষের সুস্থ বুদ্ধিবৃত্তি কখন দু'ভাগ হয়ে গেছে দুটি বিচ্ছিন্ন দ্বীপে। একদিকে অকপটচিত্ত বন্ধুর প্রতি অবারিত প্রেম, সমর্পণ। সুপ্রিয়কে নিয়ে তাই একটা অসহায় অসামঞ্জস্য। কঠিন করে ভালোবাসতে পারে না, কঠিন করে প্রত্যাখ্যান করতেও পারে না। সুপ্রিয় আসলে যুক্তিবাদী হলেও বন্ধুত্বের আবেগে সে বড় বেশি অসহায়। তাই মালিনীর নবধর্ম ব্রাহ্মণ্যবাদের পরিপন্থী হলেও, আবেগের পক্ষে হিতকর,

অন্তঃসার, একথা কিন্তু সুমিত্রা নিজে যতটা উপলব্ধি করেছে, কেশবকে সেভাবে বোঝাতে পারেনি। মালিনীকে দাদার দেশের পরে সুমিত্রা বিচলিত হলেও কেশবকে কিন্তু সুমিত্রা প্রভাবিত করতে পারেনি। তাকে বিমুখ করতে পারেনি।

নাটকের শেষ দৃশ্যে সে বন্ধুবন্ধকে নিজের মৃত্যুকে ডেকে এনেছে। নিজেকে বিশ্বাসঘাতক হিসেবেই উপলব্ধিত করেছে কেশবের কাছে। অপরাধীদের অন্তর্নিহিত বন্ধুত্ব ভাঙিয়ে যেতে যেতে এই মৃত্যু যেন সুমিত্রার কাছে শাস্তি নয়, মুক্তি।

কেশবের বিদ্রোহী চরিত্র। বিদ্রোহ তো মালিনী এবং কেশবেরও স্বভাব বৈশিষ্ট্য কিন্তু সেই বিদ্রোহের মূল কথা মানবতা। কেশবের কিন্তু মানবতার প্রতি গোঁড়া ব্রাহ্মণ্যবাদ থেকে কিছু কেটে যাবে না। যদি মালিনীকে সামনে রেখে কেশবেরও সবটাই সমর্থনের বিরুদ্ধে। এবং একান্ত মানসিক দুর্বলতাকে সে জয় করে নিতে পারে। মালিনীর উপস্থিতি বিচলিত করেছিল সমস্ত বিদ্রোহী ব্রাহ্মণদের কিন্তু একমাত্র অবিচলিত মানুষটি কেশব। এই বিদ্রোহের নেতৃত্ব আসলে প্রোথিত ছিল আরও অনেক গভীরে। তাই একা একাই কেশবের সৈন্য সংগ্রহ করতে বেরিয়েছে। কেশবের একমাত্র দুর্বলতা, একমাত্র বিশ্বাসের জায়গা তার বন্ধু সুমিত্রা। কেশবের চলে যাওয়া কিন্তু সুমিত্রার কাছে যন বিশ্বাস রেখে চলে যাওয়া। কেশবের চলে যাওয়ার পর সুমিত্রার যে পরিবর্তন সেটি কেশবের জানা ছিল না। এমনকি কেশবের মনের কোণে কোনও সন্দেহের বাষ্পও জমা হয়নি। মালিনীকে দেখে সমস্ত ব্রাহ্মণ তথা সুমিত্রার বিচলনকে কেশব দেখেছে কিন্তু সেসব নিয়ে কোন সন্দেহই কেশবের মনে স্থান পায়নি। তাই কেশব যখন কাশী আক্রমণ করার পরিকল্পনা সম্পূর্ণ করে ফেলেছে, তখন সেই গোপন সংবাদ সে নির্দ্বিধায় জানিয়েছে সুমিত্রাকে। সুমিত্রার জীবনে বন্ধুত্বের স্থান অন্য কোন সম্পর্কের কাছে ছোট হয়ে গেছে, একথা কেশবের স্বপ্নেও আসে নাহি। কেশবের চোখে বিশ্বস্ত বন্ধু সুমিত্রাকে এবং জানা ছিল সুমিত্রা কেশবেরই পাশেই থাকবে।

একদিকে কেশবের দেশেতে ফিরে এসে, যেখানে সে বিশাল পরিকল্প রেখে গিয়েছিল সেখানে সবকিছু জুড়ে আছে একজন, অন্য এক 'মালিনী'। কেশবকে সুমিত্রা আকস্মিকের কথা বোঝাতে চেয়েছে কিন্তু কেশবের অবিচল। এমনকি বন্ধুর মুখে বিচলনকে অমানুষতা চোখে দেখতে পারেনি সে। প্রেম নয়, পরিত্রাণ নয়, কঠিন ভর্ৎসনাই ঝরে পড়েছে কেশবের কণ্ঠে :

> "সিঁথি পরে লাজসাজ, তুমি কোথা যাবে
> কী কারণ—রাজপুত্রের সুবাসনে
> কী মর্ম মনের মতো করেছ যুজন
> দীর্ঘ অবসরে।

আসলে সুমিত্রার কথা কেশবের কাছে 'প্রলাপবাণী'। কেশবের পরাজিত কিন্তু সে পরাজয়কে একা একাই স্বীকার করতে চায় না। সুমিত্রাকে সে অবিশ্বস্ত বন্ধু বলে জেনেছে। সুমিত্রা মালিনীর সঙ্গে সুখের

সত্যের পরিবর্তে তার শাস্ত্রকে স্বীকার করে নিতে হবে ক্ষেমংকরকে, এই উপলব্ধিকে প্রকাশ দিতে পারেনি এই উদ্ধত ব্রাহ্মণ যুবক। বন্ধুর ক্ষেত্রে অভিমানবোধ তার সুতীব্র। অতএব—

“এসো তবে কাছে এসো, ধরো মোর কর,
চলো মোরা যাই দেশে, তীরে এক সনে,
যেমন সে বাল্যকালে—...”

—একথা বলে ক্ষেমংকর আহ্বান জানিয়েছে সুপ্রিয়কে। ক্ষেমংকরের বিচারে সুপ্রিয়র মৃত্যুদণ্ড অনিবার্য। তাই

“মৃত্যুরে নিয়েছিনু এসে কাছে মোরে
সেথায় অনন্তকাল বিচ্ছেদ না হবে।
লহো তবে বন্ধুত্বের করুণ বিচার—
এই লহো।”

সুপ্রিয়র মাথায় হাতের শৃঙ্খল দিয়ে ক্ষেমংকর আঘাত করেছে।

'মালিনী' নাটকে ক্ষেমংকরের শেষ পরিণতি হয়তো মৃত্যুদণ্ড নয় কেননা এই নাটক শেষ হয়েছে মালিনীর ক্ষমার উচ্চারণে। অতএব নিজের বিশ্বাসের জন্য বন্ধুকে হত্যার এবং বন্ধুর বিচ্ছেদ যন্ত্রণা সহ্য করে বাকীটা সময় কাটাবে—এমনটাও ভাবা যেতে পারে।

ক্ষেমংকর সুপ্রিয়কে ক্ষমা করেনি। কারণ অপরাধটা বিশ্বাসঘাতকতা। কিন্তু অন্য একটা প্রশ্নও কি উঠে আসে না? মালিনী রাজকন্যা, মালিনী রূপসী, মালিনী সুপ্রিয়র কাছেই নিবেদন করেছে নিজেকে। অতএব সুপ্রিয়র আচরণে সূত্রের পথ—একটা ঈর্ষার বোধও কি ক্ষেমংকরের মনের কোণে দানা বাঁধেনি? মালিনীকে প্রথম দর্শনে ক্ষেমংকরও যে বিচলিত হয়েছিল সেকথা নাটকের শেষ দৃশ্যে ক্ষেমংকর নিজেই স্বীকার করে নিয়েছে।

“আমি কি দেখি নি ওরে?
আমিও কি ভাবি নাই মুহূর্তের তরে
এসেছে আপনি ধর্ম নারীমূর্তি ধরে
কঠিন পুরুষমন কেড়ে নিতে তোরে
অশ্রুজলে? অন্তরে দুর্বল হৃদয়ে
জাগে নি কি ক্ষণকাল?...”

অতএব নিছক বন্ধুত্ব নয়, ক্ষেমংকর-সুপ্রিয়র মাঝখানে এসে দাঁড়িয়েছিল রাজকন্যা মালিনী। সুপ্রিয় জয় করে নিয়েছিল মালিনীর হৃদয়। অতএব ক্ষেমংকরের 'আদর্শবাদ' যা তার 'অন্তরে অন্তরে' 'অস্থিতে মজ্জাতে' মিশেছিল, সেই 'আদর্শবাদ'কে শুধু যে কর্তব্যের খাতিরেই নিয়ে চলে গিয়েছিল ক্ষেমংকর এমনটা নয়।

তার বিচারের বস্তু সেখানে প্রতিফলিত হয়ে উঠেছিল বটে। ক্ষেমংকরের হাতে তোলেন শাসনে সুপ্রিয়র হত্যাদৃশ্য দেখার পরও মালিনীর মুখে ক্ষমার উচ্চারণ একান্তই আবশ্যক ছিল। তিনি নাট্যরীতির মতো একটা সূক্ষ্ম ভিত্তি আর ভালবাসার নিরাপোষহীনতা হয়ত বা তৈরী হয়েছিল।

সার্বিকভাবে চারিত্রিক দৃঢ়তা ও কর্মদক্ষতার কারণে ক্ষেমংকরের মতো নাট্যকেন্দ্রিক গৌরব অন্যদের চরিত্রগৌরবে, বন্ধুত্বভাবনায়, নির্ভর ধর্মীয়তায়, ললিতকলানির্ভর সুপ্রিয়ই নায়ক। ক্ষেমংকর নায়কের প্রতিস্পর্ধীমাত্র।

৫.৬ ❑ অপ্রধান চরিত্র ঃ মহিষী, কাশীরাজ

মাতৃত্বধর্মে আসীন মহিষী। নরধর্ম বা সমাজধর্ম অপেক্ষা মাতৃধর্মে গরীয়ান। অন্তরে মাতৃভাবনা তিনি। সেখানে তিনি রাজনীতির তোয়াক্কা করেন না। মায়ের মত করেই তার রাজকুমারী বসনে-ভূষণে-অলংকারে থেকে রাজঅন্তঃপুর আলোকিত করে থাকুন। রাজমহিষীর অন্তর পরিচয় জানা যায় মালিনীর মুখে। মহিষীর জন্য 'মহিমার মুখে'। কন্যার সুকঠিন ধর্মচিন্তা, তেমনি যেমনই ঈষৎ গভীরতর দৃষ্টিভঙ্গিতে দেখার আগ্রহ মহিষীকে বিচলিত করে। মহিষী কিন্তু দৃঢ়তায় তার মালিনীর সমর্থক।

> "…এ তোর খেলার বেলা,
> এ ধর্ম কোথায় পেলি, কী শাস্ত্রবচন?
> আমারে শিখায় ধর্ম সে তো পুরাতন
> অনাদি কালের। কিন্তু মা গো এ যে নব
> সৃষ্টিছাড়া কোথাকার ধর্ম অভিনব
> আজিকার-গড়া। কোথা হতে ঘরে আসে
> বিদেশী সন্ন্যাসী, দেখে আমি মরি ত্রাসে।"

এই উৎকণ্ঠা মায়ের একান্ত। সেই উদ্বেগের কারণেই মাতৃসুলভ সমাধানের প্রস্তাবনা করেন। রাজাকে বলেন ঃ

> "…অমঙ্গলখানা আসে থেকে
> মালিনীর তরে। মনোমত বর দেখে
> বেঁধে দেহ সোনা কাছে নিজ আবাসে
> সুখ হবে স্বধর্মে, ঘুচাইবে জ্বালা।"

রাজমহিষী শুধু একটি জায়গাতেই কঠিন। যেখানে দীন হোমের কন্যার বিরুদ্ধে ব্রাহ্মণেরা বোঝার, তারা মালিনীর নির্বাসন কামনা করে, সেখানেই মহিষীর উৎকণ্ঠা ঘটে। মাতৃ অন্তরে যে বহ্নিশিখা ছিল, তার প্রকাশ ঘটেছে।

"...নির্বাসন। এই যদি হয়
ধর্ম প্রাচারের, তবে হোক, হা, উদয়
মায়ধর্ম—শিখে নিক যেটি আজ হতে
নিত্যধন।

শহীদ নিত্যধন ধর্ম পালনে কোনো শিথিলতা, আপত্তি, দোদুল্যতা, দ্বন্দ্বমুখর থাকতে দেয়। তাই রাজাদের আপত্তি ও অসম্মতি উপেক্ষা করেই তিনি। স্বামীর নিত্যধর্মে বাধা দিতে মহিনীরা পর্যন্তকে প্রস্তুতিপর হয়ে নিয়োজিত তিনি—

কী শিক্ষা শিখাতে এসে আজ
পাপ রাজপুরীতে। পুজারে অধিকে আজ,
ধর্ম নিতে চাও। সে তোমা আমার নয়।

তবে রাজাদুলেন মহিনীরা যারা মন্ত্রমুগ্ধ হলেন ঘটনাকে তিনি সমর্থন করেননি আদৌ। আসলে এ মহিনী পুতুলরা সংসারধর্মে আসীন হলেও শিক্ষা নিতেই আসেনি, দৃঢ়তর বর্ণনালাদের অস্তীকার তাঁর মধ্যে নেই।

তবে রাজা রাজাদেরকে প্রভাবে নিশ্চয়ই। মহিন রাজধর্ম আর শিক্ষাদের এই দুয়ের বিশ্লেষণেতে তিনি যে শিক্ষার আর আসলে তোলে নিতে তিনি নিশ্চয়ই। সমস্যাটি প্রতি ব্যক্তিগত আক্রোশ বা মনোভাব প্রকাশের প্রতি অতিরিক্ত প্রশ্রয়ের কোনোটিই আর নেই। আসলে নিত্যধর্ম চেতনাতার জন্য রাজা মহিনীকে শুধু একটি সোপানে একটু ঘিরিয়ে হয়ে থাকতে বলেন—

"...বর্ষাইতে রাখিতে চাও
তাহা মনে মনে।"

মহিনীর রাজা দুরত্বাজক হয় মহিনীর নির্বাসন। সেখানেও রাজা সোজাসুজি। দুরত্বাজকে বলেন :

"নিয় আজে নির্বাসন, পুরাণ রাজধর্ম,
সহিনি কর্তব্য তোর। যদি অধিকার না
দৃঢ় আমি মোরমুখ, অন্তর দুর্বল,
রাজধর্ম দুরুহ তাই তেমি আজুজন।"

অবশ্য কর্তব্যসম্পাদনে অটিলক হয়ে দাড়ায় না তিনি। 'নিত্যধর্ম' সহিনক শিক্ষা হলেও রাজুপতি হেসাবে রাজনিতিক প্রয়োজনিতে অন্য নীতিনিয়মের অনুসরী হতে, শিখা নিয়েছে মহিনীর শিখা আবেগ সহিষ্ণু, আবেগ দুর্বল। সমাজমনস্কের প্রতি অনুরাগ এই ভিন্নধর্মী কাশীরাজ পুত্রটি প্রশংসক হিসেবে বন্ধ। যে ধর্ম যা রাজনীতিকে তিনি নিজের নিত্যধর্ম পালনে অটিলে, সেটি রাজ্যপুরীর মঙ্গল কল্পে সম্পূর্ণে অন্তরালে নিয়েছে, তখন আজুত শাসক তিনি, গভীর শিখা।

৬.৭ ❑ নাট্যগঠন ঃ 'মালিনী'

এ নাটকের ভূমিকায় রবীন্দ্রনাথ যে বিবৃতি দিয়েছেন, তাতে নাট্যগঠন সম্বন্ধে তাৎপর্যপূর্ণ একটি বিষয় সূচনা পাই।

১। "সেক্সপীয়রের নাটক আমাদের কাছে বরাবর নাটকের আদর্শ"

২। "একদিন ট্রেভেলিয়ানের মুখে এর সম্বন্ধে মন্তব্য শুনেছিলুম। তিনি কবি এবং গ্রীক সাহিত্যের রসজ্ঞ। তিনি আমাকে বললেন—এই নাটকে তিনি গ্রীক নাট্যকলার প্রতিরূপ দেখেছেন।"

৩। "মালিনীর পরিণাম সরল, সংযত এবং দেশকালের ধারায় অবিচ্ছিন্ন।"

এ নাটকে রয়েছে অঙ্কবিহীন চারটি দৃশ্য। অবশ্য অঙ্কহীনতা রবীন্দ্রনাথ নাটকটিতে ব্যবহার করেননি। প্রমথনাথ বিশী বলেছেন—"ইহাকে দুই অঙ্কে ভাগ করিলেই নাটকীয় ঐক্যটিকে রক্ষা করা যাইত। প্রথম, দ্বিতীয়, তৃতীয় দৃশ্য—প্রথম অঙ্ক এবং চতুর্থ দৃশ্যটিকে দ্বিতীয় অঙ্কের অন্তর্গত করা উচিত ছিল। তৃতীয় দৃশ্য ও চতুর্থ দৃশ্যের মধ্যে অনেকটা সময়ের ব্যবধান আছে, তাহা ছাড়া চতুর্থ দৃশ্যে প্রধান দুইটি চরিত্র, মালিনীর ও সুপ্রিয়ের চরিত্রে অনেকটা পরিবর্তন হইয়াছে, অতএব ইহা স্পষ্ট করিয়া বুঝিবার জন্যে অঙ্কপাতের প্রয়োজন ছিল। কিন্তু নাটকের এই জাতীয় আঙ্গিক অসম্পূর্ণতার প্রতি রবীন্দ্রনাথের চিরকালই ঔদাসীন্যের অভাব" (রবীন্দ্রনাট্যপ্রবাহ, ওরিয়েন্ট বুক কোম্পানি, ১৩৬০, পৃষ্ঠা ৬৬); তবু আমরা খুঁজবো, ঠিক কেমন নাট্য গঠনে গঠিত এই 'মালিনী'।

১। সেক্সপীয়রীয় গঠন অনুযায়ী এ নাটকে এটি অঙ্ক তো দূরের কথা, এটি দৃশ্যও নেই। তবে সংস্কৃত নাটকের পঞ্চসন্ধি অনুযায়ী কাহিনীক্রমে Exposition (আরম্ভ), rising action (আরোহণ), climax (শীর্ষবিন্দু) falling action (অবরোহণ) ও Catastrophe (শেষ সমাপন) রয়েছে। দুই ব্রাহ্মণের কাছে মালিনীর নবধর্ম প্রচারে আরম্ভ, রাণী ও কাশ্যপের সংলাপে মালিনীকে নিয়ে উদ্বেগে আরোহণ, ব্রাহ্মণদের সঙ্গে মালিনীকে নিয়ে সুপ্রিয় ও ক্ষেমংকরের কথোপকথনে শীর্ষবিন্দু, মালিনীর কাছে ব্রাহ্মণদের আনুগত্যস্বীকার এবং সুপ্রিয়-মালিনীর প্রেমে পরিণামের অবরোহণ, আর ক্ষেমংকরের আঘাতে সুপ্রিয়ের মৃত্যু ও মালিনীর ক্ষমাপ্রার্থনায় এ নাটকের শেষ সমাপন। নাট্যকাহিনীর পরিবিন্যাসে সেক্সপীয়রীয় পঞ্চসন্ধির ব্যবহার এখানেই বিস্তৃত হোক।

২। এবার দেখা যাক গ্রীক নাট্যরীতির প্রভাব কতটা। গ্রীক নাটক মানে ত্রিবিধ ঐক্য—time, place, action। নাটকের প্রথম তিনটি দৃশ্যের সময়ের ধারাবাহিকতা থাকলেও চতুর্থ দৃশ্যটির ঘটনাপ্রবাহে বেশ খানিক ব্যবধান রয়েছে। কারণ সুপ্রিয় মালিনীর অনুরাগপূর্ণ প্রণয়ে সময় লেগেছে আর তারই সে রাজার কাছে গিয়ে বন্ধু ক্ষেমংকরের বৈদেশ গমন ও বিদেশী সৈন্যদের সহায়তার কথা জানিয়েছে। রাজার দূতেরা ক্ষেমংকরকে নিয়ে এসে বন্দী করে দিয়েছেন। তৃতীয় দৃশ্যটির পরে চতুর্থ দৃশ্যটির ঘটনা অনেকখানি কালগত ব্যবধান আছে যা গ্রীক ঐক্যগত

[illegible]

৩। [illegible]

৩.৮ ❑ কাব্যনাট্য হিসেবে 'মালিনী'

[illegible]

[illegible] —'The tendency, at any rate, of prose drama is to emphasize the ephemeral and superficial, if we want to get at the permanent and eternal we tend to express inverse" ('A Dialogue on Dramatic Poetry')।

[illegible]—

১। [illegible]

২। [illegible]

৩। [illegible]

৪। কাহিনী অত্যন্তের পর যুক্ত হবে না। চরিত্রের সংঘাতে, দ্বন্দ্ব আবর্তন ও পরিণতির জন্য নাট্যকারের নিরাসক্তি থাকবে না।

৫। এর ফলে সৌন্দর্যবিধান করবে, কাহিনি স্বল্প হবে, একমাত্র নাটকের মুহূর্ত সৃষ্টিতেই সক্ষম হবে।

এক্ষেত্রে শম্ভু মিত্রের বক্তব্য অনুধাবনযোগ্য—"সে কোনো মুহূর্তে আবেগ বা অনুভব অনুভূত পাঠকের তরঙ্গ করতে পারে এমন কাব্যভাষা যদি নির্মাণ করতে হবে কাব্যনাট্যে, তার জন্য নিরবচ্ছিন্নতার মধ্য এক ছন্দের প্রয়োজন এবং এর ফলে একদিকে যেমন নাটকে কাব্যভাষার সাবলীলতা ও কাব্যিকতার চিরন্তনতা যুক্ত হবে, অন্যদিকে তেমনি কবিতার ক্রমশ প্রসারিত হবে বহুদূর।" (সাহিত্যকোষ : নাটক)

রবীন্দ্রনাথের কাব্যনাটক গুলি—'রুদ্রচণ্ড' (১৮৮১), 'প্রকৃতির প্রতিশোধ' (১৮৮৪), 'রাজা ও রাণী' (১৮৮৯), 'বিসর্জন' (১৮৯০), 'চিত্রাঙ্গদা' (১৮৯২), 'মালিনী' (১৮৯৬)। প্রতিটি কাব্যনাটকেই রবীন্দ্রনাথ নতুন সত্যের সন্ধান দিয়েছে। আত্মকেন্দ্রিক ব্যক্তির অন্তরের অন্তরতম আবেগ প্রকাশ করে প্রতিটি নাটকই চরিত্রের দ্বন্দ্বমূলক কোনো নতুন বোধকে খুঁজে পাবার চেষ্টা করেছে। 'মালিনী' নাটকে প্রতিটি চরিত্রের সংলাপে আবেগের রূপ ধরেছে। নাটকের ক্রিয়াশীলতা, চরিত্রের আচরণ, সংলাপের উৎকণ্ঠা—সবকিছুর মধ্যে দিয়ে প্রবাহিত নাট্যমুহূর্তে অন্তর্গত কাব্যরূপ প্রকাশের সাযুজ্য রেখে চলেছে। আধুনিককালের অনেক কবিতা ও নাটকের আনুপাতিক প্রভেদটিকে যেমন খুঁজে পাচ্ছেনা। যদি কাব্যনাটকে কবিতার আত্মবোধ আর প্রয়োজনীয় নয়। সংলাপের তো দুয়ের সাহিত্য হয়েই নাট্যগুণ বিকাশের সহায়ক হতে পারে। সেক্ষেত্রে যেমন নাটক ও কাব্যনাটক আলাদা থাকে। কাব্যের বৈশিষ্ট্য যদি তার চিন্তা-গাম্ভীর্য বিন্যাস, অনুভূতি, রূপ, আবেগ, ভাবের ঐক্য হয়, আর নাটকের বৈশিষ্ট্য যদি তার সংলাপ, দ্বন্দ্ব, উৎকণ্ঠা হয় তবে এদের সমন্বয়ে চরিত্রের ও সংলাপের প্রকাশ ঘটেই পরিণতি পাচ্ছে এ ধরনের নাটক। 'মালিনী' সেভাবেই কাব্যগীতিতে ও অন্তর্নিহিত নাট্যগুণে। সমগ্র আলোচনায় স্পষ্ট এর সার্থকতা।

৩.৯ □ গ্রীকনাটক ও 'মালিনী'

প্রাচীনকাল থেকেই গ্রীস ও ভারতবর্ষ—এই দুই দেশেই নাট্যসাহিত্যের চর্চা শুরু হয়। প্রাচীন গ্রীক নাট্যকার Aeschylus (খ্রিস্টপূর্ব ৫২৫-৪৫৬) এর 'Persians' নাটকটি প্রথম প্রকাশিত খ্রিস্টপূর্ব ৪৭২ অব্দে। আর অপর দুই প্রধান গ্রীক নাট্যকার Sophocles (খ্রিস্টপূর্ব ৪৯৬-৪০৬) এবং Euripides (খ্রিস্টপূর্ব ৪৮০-৪০৬) ও পঞ্চম শতাব্দীর মানুষ। গ্রীকের নাটক সম্বন্ধে খ্রিস্টপূর্ব চতুর্থ শতাব্দীতে গ্রীক দার্শনিক Aristotle (খ্রিস্টপূর্ব ৩৮৪-৩২২) তাঁর 'Poetics' গ্রন্থে আলোচনা করে গেছেন। সুতরাং সেই আলোচনা সম্পর্কে নিয়েই গ্রীকনাটক সম্বন্ধে আলোচনাবিন্দু জানা হয়ে যায়। স্বয়ং রবীন্দ্রনাথ 'মালিনী' নাটকের সূচনায় লিখেছেন—"...একদিন টম্‌সনসাহেবের মুখে এর সম্বন্ধে মন্তব্য শুনলুম। তিনি কবি এবং গ্রীক সাহিত্যের রসজ্ঞ। তিনি আমাকে বললেন—এই নাটকে তিনি গ্রীক নাট্যকলার প্রতিরূপ দেখেছেন। তার অর্থ কী তাহা সম্পূর্ণ বুঝতে পারিনি, কারণ গ্রীক কিছু কিছু পড়েছি হয়তো কিন্তু গ্রীকনাট্য আমার অধিকারের

করিয়ে।" তবু, আমরা গ্রীক নাটকের সঙ্গে 'মালিনী' নাটকের সাদৃশ্য ও বৈসাদৃশ্য অর্থাৎ সামগ্রিক তুলনা বোঝার একটি চেষ্টা করি।

১। "Aeschylus, like all great tragic poets, was not the obedient servant but the imperious master of his sources' (Greek Tragedy : H. D. F. Kitto : P-103)। যদি গ্রীক পুরাণ থেকে কাহিনী নিয়ে যেমন গ্রীক নাটক রচিত হতো, তেমনই রবীন্দ্রনাথও বৌদ্ধকাহিনী 'মহাবস্তু-অবদান' থেকে 'মালিনী'-র কাহিনী গ্রহণ করেছেন।

২। গ্রীক নাটকে অতীতের কাহিনীকে পরিবর্তন করে যেমনভাবে সমকালীন করে দেখা হতো, তেমনই এক্ষেত্রে রবীন্দ্রনাথ তাঁর নিজের দেখা সময়কে যুক্ত করে কাহিনীর নতুন রূপ দিয়েছেন।

৩। গ্রীক নাটক একটা দৈবিক বিধি দিয়ে আবৃত থাকত। বিধি অলঙ্ঘ্য অথচ কারো পরিত্রাণ নেই। এ নাটকের ধর্মবিধির পরিবেশে অবতার হলেই বিধি অতিক্রমণের দায় পড়েছে অন্যায়কারীর ওপর।

৪। গ্রীক নাটকে প্রয়োজনে Miracles বা দৈব ঘটনা ঘটানো হয়। 'মালিনী' নাটকে ব্রাহ্মণেরা যখন দেবীকে আহ্বান করছেন তখন নাটকীয় মুহূর্তে রবীন্দ্রনাথ মালিনীকে হাজির করিয়েছেন। এ যেন শিল্পকলা কৌশলে অলৌকিকতাকে দেখিয়ে আনলেন।

৫। Sophocles অভিনেতাদের বিশেষ মূল্য দিয়েছেন। রবীন্দ্রনাথও অন্যান্যের অভিনেতাকে ব্যর্থ হতে দেননি।

৬। গ্রীক নাটকগুলি যেমন সংক্ষিপ্ত, 'মালিনী'-তেও তেমন সংক্ষিপ্ততা ও দ্রুতগতি দেখা যায়। উভয় নাটকেই অবান্তর ঘটনা বা কাহিনীর স্থান নেই। যদি উপাখ্যানের কাহিনীতে ক্ষেমঙ্করের যে পরিণাম ও সময় লেগেছিল, তা দিয়ে রবীন্দ্রনাথ কোনো নতুন দৃশ্য রচনা করেননি।

৭। গ্রীক নাটকের মতো 'মালিনী'-ও 'imitation of action and not imitation of character : চরিত্র বিশ্লেষণের কোনো দায় রবীন্দ্রনাথের ছিল না।

৮। স্থান, কাল ও ঘটনার ঐক্যবিধি গ্রীক নাটকের অপরিহার্য বৈশিষ্ট্য। 'মালিনী' নাটকের দৃশ্যগুলি রাজার অন্তঃপুর, মন্দির-প্রাঙ্গণ, রাজ-উদ্যানের মধ্যে স্থাপিত, সুতরাং স্থানের ঐক্য নেই। সময়ের ঐক্যের দিকে নজর দিলে বলতে হয় প্রথম তিনটি দৃশ্যের মধ্যে অবিচ্ছিন্নতা থাকলেও চতুর্থ দৃশ্য অনেক পরে ঘটেছে। একমাত্র ঘটনার ঐক্যের দিকে এ নাটক গ্রীক রীতিরই অনুসারী। ঘটনার কোথাও শিথিলতা, অপ্রাসঙ্গিকতা নেই। তা ঘনীভূত ও সংহত।

৯। সমালোচকেরা বলেন 'মালিনী'তে গ্রীক নাটকের একটি কাহিনীর ও নিয়তিনির্ভর ট্র্যাজেডির প্রতিচ্ছবি লক্ষ্য করা পড়েছে।

তবে গ্রীক নাটকের অবশ্য ও অদৃশ্য দেবশক্তির লীলা এখানে নেই। প্রতিহিংসা নর্মদার্পী নিয়তি এখানে লোকাতীত আলো ক্রিয়াশীল হয়েছে। 'দেবতা'-এর আবির্ভাব নয়। সুতরাং বহিরঙ্গিকের বিচারেও 'মালিনী'-র সঙ্গে গ্রীক নাটকের সাদৃশ্য।

৫.১০ ❑ ট্র্যাজেডিবিচারে ঃ 'মালিনী'

গ্রীক ও শেক্সপীয়রীয় ট্র্যাজেডি—দু রকম। গ্রীক দেশের ট্র্যাজেডির কারণ নিয়তি বা নিমিসিস। নিয়তিতাড়িত হয়ে নায়ক ট্র্যাজেডির শিকার হতে পারে। আর শেক্সপীয়রের চরিত্ররা কোনো দুর্বলতা বা ত্রুটিবিচ্যুতির কারণে ট্র্যাজেডির শিকার হয়। তারা মহৎ নায়ক বা উচ্চশ্রেণীর প্রতিনিধি হয়েও কোনো মুহূর্তে আবেগের কাছে আত্মিকশক্তির পরাজয়স্বীকার করে, ফলতে বাধ্য হয়। মোটকথা, নায়কের দুর্বল সত্যশক্তি ও প্রতিকূল পরিস্থিতির সঙ্গে আত্মপ্রতিষ্ঠার সংগ্রাম ও পরাজয়ই হল ট্র্যাজেডির বিষয়। Aristotle তাঁর 'Poetics'-এ ট্র্যাজেডির যে সংজ্ঞা দিয়েছেন তা হল—"...ট্র্যাজেডি হল একটি গম্ভীর, সম্পূর্ণ ও বিশেষ আয়তনবিশিষ্ট ক্রিয়ার অনুকরণ, ভাষার সৌন্দর্যে তার প্রতিটি অংশ স্বতন্ত্র, এই ক্রিয়াটির প্রকাশরীতি বর্ণনাত্মক নয়, নাটকীয়; আর এই ক্রিয়া ভীতি ও করুণার উদ্রেক করে এবং তার মধ্য দিয়ে অনুরূপ অনুভূতিগুলির পরিশুদ্ধি ঘটায়।" (শিশিরকুমার দাশ, কাব্যতত্ত্ব আরিস্টটল, প্যাপিরাস, ১৯৮৯, পৃ. ১৫)। তথাচ রবীন্দ্রসাহিত্যের উপেন্দ্রনাথ ভট্টাচার্য 'মালিনী'কে রোমান্টিক ট্র্যাজেডি, অধ্যাপক নীহাররঞ্জন রায় 'মালিনী'কে 'বিসর্জন' অপেক্ষা উচ্চাঙ্গের ট্র্যাজেডি এবং অধ্যাপক প্রমথনাথ বিশী 'মালিনী'-কে 'সমুদ্রের প্রতিবেশ'-এর মতো সামঞ্জস্যবিহীন অবিকৃতির অকারণিক ট্র্যাজেডি বলেছেন। সুতরাং 'মালিনী' অবশ্যই ট্র্যাজেডি। তবে দেখা যাক কিভাবে এবং কোথায় এই ট্র্যাজিকধর্ম গড়ে উঠেছে।

১। রবীন্দ্রনাথ 'মালিনী'-র সূচনায় স্পষ্টই লিখেছেন—'শেক্সপীয়রের নাটক আমার আমাদের কাছে নাটকের আদর্শ। তার বহু শাখায়িত বৈচিত্র্য, ব্যাপ্তি ও ঘাত-প্রতিঘাত প্রথম থেকেই আমাদের মনকে অধিকার করেছে।" সুতরাং, ধরে নেওয়া যে শেক্সপীয়রীয় রীতির ক্ষতিকারক ধীরে ধীরে নায়ককে আচ্ছন্ন করেছে 'মালিনী' নাটকে। সুপ্রিয়র মৃত্যু ঘটিয়ে। কিন্তু ট্র্যাজেডি ক্ষেমংকরের বাসভূমে ঘটেনি। মালিনী যখন ক্ষেমংকরকে ক্ষমা করতে বলেছেন তখন ধরে নেওয়া অন্যায় হবে না যে শেষপর্যন্ত ক্ষেমংকরের মৃত্যুদণ্ড হয়নি। সুপ্রিয়কে হত্যা করে সেই আঘাতের স্মৃতি নিয়ে ক্ষেমংকর কি দুর্বিষহ জীবনযাপন করেছিলেন সেকথা ভাবলেও কেঁপে উঠতে হয়। সে শাস্তি, অভিশাপ। যদি তার আঘাত লাগতে না এমনটি হত। নাটকের উপসংহার তো আমরা দেখি না।

২। অ্যারিস্টটল Peripeteia শব্দটি দিয়েছিলেন ট্র্যাজেডির উপাদান প্রসঙ্গে। একে ভাগ্যবিপর্যয় বা reversal of fortune বলা যায়। যে জিনিসকে ভালোবাসি, তাকে যখন নিজেই নষ্ট করি বা নিজে নষ্ট হই, তখনই সত্যিকার ট্র্যাজেডি জন্মায়। ক্ষেমংকর তারই নিদর্শন।

৩। নায়কচরিত্রের পতন বা ভাবসংস্থিতি একটা এক জায়গায় যখন পৌঁছয়, তখন মৃত্যু-আনন্দ

ক্ষেমংকরের মতো তাকে লড়াই করতে হয় নিয়তির সঙ্গে, নিজের অন্তরে নিজের সত্তা অন্তর্দ্বন্দ্বের সঙ্গে; আর তখনই ঘটে ট্র্যাজেডি। ক্ষেমংকরের যুক্তি, চিন্তা, আবেগানুভূতি তার ট্র্যাজেডি ঘনিয়ে এনেছে।

৪। 'মালিনী'-র পরিসমাপ্তিতে হৃদয়ে মুক্তবেদনাই বোধ হয়। সুপ্রিয়র মৃত্যু আমাদের সান্ত্বনা করে দেয়। ধর্মবিশ্বাস কোনো অধিকার কোনো ব্যক্তির হাতে নেই। ধর্ম হৃদয়ের জিনিস, যুক্তি দিয়ে তাকে বোঝাবার চেষ্টা ব্যর্থ হয়। রক্তপাতের জোরে দিয়ে আদর্শ রক্ষিত হয় না। সুপ্রিয়র মৃত্যুর করুণ পরিণতি দিয়ে তাই-ই তো আমার ট্র্যাজেডি ছাড়া এ আর কি।

৫। 'মালিনী' নাটকের ট্র্যাজেডি বাইরে থেকে আরোপিত নয়। Hamlet এর সিদ্ধান্ত গ্রহণে দ্বিধাগ্রস্ততা, Macbeth-এর উচ্চাকাঙ্ক্ষা, Othello-র ঈর্ষা যেমন; তেমনই সুপ্রিয়-মালিনী-ক্ষেমংকর প্রত্যেকের আচরণ এবং মনোভাবই ট্র্যাজেডি সৃষ্টির জন্য দায়ী। কোনো একজনের Hamartia বা ত্রুটি এর জন্য দায়ী নয়।

৬। তবু, শেষ পর্যন্ত 'মালিনী' শেক্সপীয়রীয় ট্র্যাজেডির পর্যায় পৌঁছিতে পারে না কারণ রবীন্দ্রনাথের ট্র্যাজেডিতে নায়কের মৃত্যু নেই। সেখানে মৃত্যু তার নিষ্ক্রিয় মানুষকে গ্রাস করে আর জন্যে রেখে দেয় জীবনব্যাপী হাহাকার আর অনুশোচনা।

৩.১১ ❑ সংলাপবিচার ঃ 'মালিনী'

সাহিত্যদর্পণকার বিশ্বনাথ কবিরাজ বলেছেন—"সংলাপ ঃ স্যাৎ দশীতোক্তির্নির্দশায় সমাসত ঃ", অর্থাৎ বিভিন্ন চরিত্রের বাক্যসম্পূর্ণ পদীর উক্তি হল সংলাপ। চরিত্রের মুখে উচ্চারিত বিভিন্ন ভাবের উক্তি নাট্যসংলাপ। তবে তা পদ্যীয় না অপদ্যীয় তা অবশ্যই নাট্যযুগের উপর নির্ভরশীল। ভরতের মতে নাট্যশাস্ত্রে আর্যভাষা, অতিভাষা, জাতিভাষা, যোন্যন্তরের শ্রেণীর ভাষা রয়েছে। ভাষাদর্শ যতে সে নাট্য আবার স্থান। অ্যারিস্টটলের মতে নাট্যভাষা অলংকারবহুল, ছন্দময়। নাট্যভাষা গদ্যময় ও পদ্যময়-ও হয়। 'মালিনী'-র নাট্যসংলাপের গঠন আধুনিক এবং কাব্যময় উভয়-ই। কবিতার ছন্দে লেখা তাই সংলাপগুলো। আবার নাটক রচনার উদ্দেশ্য থাকলেও দুর্নীতিবাদকে খুঁজে তোলার বা কাব্যময়তাকেই গ্রহণ করেছে। সেটা রাজনীতির প্রবহমান পয়ারে লেখা হয়েছে। আবেগের ভূমিকাও রয়েছে। সংলাপ এ নাটকের কাহিনীর ঐতিহাসিক আবেশ তৈরিতে সাহায্য এনেছে। উৎপ্রেক্ষা, উপমা, সমাসোক্তি অলংকারে, সাধু ক্রিয়াপদে সংস্কৃতানুগতকে মনে করায় 'মালিনী' নাটকের। নিয়তেন্দ্রীর ক্ষতারতির এ নাটকে নেই। ব্রাহ্মণকুল ব্রাহ্মণ্য সংস্কারে আবদ্ধ, তারা মূলত নিষ্ক্রিয় দর্শক। আর অবশিষ্ট চরিত্রের প্রত্যেকের অধিকার রাজদর্শন বা নির্দিষ্ট অধিকারে বাহিত। নারীর আবেগের ভাষা, প্রেমিকের হৃদয়ের ভাষা, মহাপুরুষের বিদ্রোহের ভাষা, রাজার প্রজাহিত ভাষা—সব মিলেমিশে সৃষ্টি হয়েছে 'মালিনী'-র সকল নাট্যভাষা ও নাট্যসংলাপ।

৩.১৫ ☐ বিষয়বস্তু : 'মালিনী'

দ্বন্দ্বই তো নাটকের প্রাণ। "All drama arises out of conflict. In tragedy there is ever a clash between forces physical or mental or both; in comedy there is ever a conflict, between personalities, between the sexes or between an individual and society." (দুর্গাশঙ্কর মুখোপাধ্যায়, নাট্যতত্ত্ববিচার, ১৩৯১, পৃষ্ঠা ৮)। এ দ্বন্দ্ব ব্যক্তি, গোষ্ঠী, সমাজ পরম্পরার যে কোনো স্তরেই হতে পারে। এ নাটকে ধর্মকে কেন্দ্র করে নানা বিরুদ্ধশক্তির সংঘাত ঘটেছে। সাধারণভাবে বলা হয় নবাগত বৌদ্ধধর্মের বিরুদ্ধে সনাতন হিন্দুধর্মের সংঘর্ষ 'মালিনী'-র পটভূমি। [illegible]

নাটকের ১ম দৃশ্যেই নাটকীয় দ্বন্দ্বটি স্পষ্ট। এ দ্বন্দ্ব ধর্মের সঙ্গে ধর্মের নয়। এ দ্বন্দ্ব সংস্কারের সঙ্গে মুক্তধর্মের। [illegible] কিন্তু তৎসত্ত্বেও এ নাটক হিন্দু বনাম বৌদ্ধ সংঘাতের কাহিনী নয়। কারণ 'প্রাচীন সাহিত্য'-র ধম্মপদং প্রসঙ্গে রবীন্দ্রনাথ স্বয়ং বলেছেন—"ভগবদ্গীতায় ভারতবর্ষ যেমন আপনাকে প্রকাশ করিয়াছে, গীতার উপদেষ্টা ভারতের চিত্তকে যেমন এক স্থানে একটি সমন্বয়মূর্তি দান করিয়াছেন, ধম্মপদের ভারতবর্ষের চিত্তের একটি পরিচয় তেমনি স্বচ্ছ হইয়াছে।...ভিন্ন ভিন্ন স্বতন্ত্র দিক হইতে ভারতবর্ষ একই কথা বলিয়াছে।" [illegible]

ধর্মকে মুক্ত করার আকাঙ্ক্ষা যে ক্ষেমঙ্করের তার এটুকু বিশ্বাস নেই যে ধর্ম তার অন্তরাত্মার শক্তির জোরেই প্রতিষ্ঠা পায়, তা জোর করে চাপানো যায় না। তাই সে শাস্ত্র থেকে শাস্ত্রে নির্ভরশীল হয়েছে। সুপ্রিয়র আত্মোৎসর্গ তাই সহজেই অবলম্বন করেছে মালিনীর কাছে। প্রশংসার এটাই যে মালিনী কখনোই সমর্থ ও ক্ষেমঙ্করের হাতে আত্মসমর্পিত নয়। নিশ্চয়তে শুদ্ধ ও সহযোগশীল থাকেই, সর্বসম্পূর্ণ ধর্মে আস্থাশীল থাকেই মালিনী ক্ষমাধর্মে অবিচল থেকেছে। আসলে এ নাটক ধর্মবোধের পটভূমিকায় মানবজীবনের আদর্শ ও বাস্তবের দ্বন্দ্ব হয়ে উঠেছে কোথাও কোথাও। মানুষের ধর্ম প্রসঙ্গে রবীন্দ্রনাথ যে বলেছিলেন "মানুষের একটা স্বভাবে আসক্ত, অন্য স্বভাবে মুক্তি"।

৩.১৩ ❑ নাট্যপ্রযোজনা : 'মালিনী'

রবীন্দ্রনাটক খুব একটা মঞ্চসফল নয় বা হয়না—ইতিহাস এ কথা বললেও বাংলা রঙ্গমঞ্চ জানে রবীন্দ্রনাট্যপ্রযোজনার ক্ষেত্রে 'বহুরূপী' নাট্যদল (১৯৪৮) এর ভূমিকার কথা। রবীন্দ্রনাথ এর 'রক্তকরবী', 'ডাকঘর', 'রাজা', 'মুক্তধারা', 'বিসর্জন' প্রভৃতি নাটক বহুরূপী অত্যন্ত সাফল্যের সঙ্গে মঞ্চায়ন করেছে। 'মালিনী'-র ১ম অভিনয় হয় ১৯৮৩ সালের ১লা মে Academy of fine arts মঞ্চে। 'বহুরূপী' নাট্যদলের ৩৫তম বর্ষপূর্তি ও রবীন্দ্রনাথের ১২২তম জন্মবার্ষিকী উপলক্ষে 'মালিনী' মঞ্চস্থ।

সেদিনের সেই প্রযোজনার সঙ্গে যুক্ত ছিলেন বহুজনই। তার তালিকা :

❑ 'মালিনী' ❑

নাটক : রবীন্দ্রনাথ

সম্পাদনা ও নির্দেশনা : কুমার রায়

মঞ্চ : সুরেশ দত্ত

আলো : নির্মল ঘোষ

আবহ : ষষ্ঠী সেন

রূপসজ্জা : শক্তি সেন

❑ অভিনয়শিল্পী ❑

কাশ্যপ : কুমার রায়

মালিনী : শিপ্রা দাশগুপ্ত

মহিষী : নমিতা মজুমদার

আলোক : দেবেশ রায়চৌধুরী

মঞ্চ : সৌমিক বসু

গান : অজয় ব্যানার্জী

অভিনয় : আব্দুল মান্নান, সমীর মুখার্জী, সুশান্ত দাস, প্রশান্তকুমার পাল, সুব্রত সেন, শঙ্কর মিত্র, লক্ষ্মীকান্ত সাহা, অমিতাভ মাইতি, পুষ্পল মুখার্জী, সুব্রত গুহ রায়, অমিত হালদার, সঞ্জয় আচার্য্য, সমীর চক্রবর্তী, সুমিত মুখার্জী।

সহচরী : শম্পা ঘোষ, মালবী মজুমদার, মঞ্জুরী রায় সরকার।

❑ বহুরূপী কেন 'মালিনী' নির্বাচন করল নাট্যাভিনয়ের জন্য তার কথামুখ—

এরই চূড়ান্ত রূপ দেখা গেল অঙ্গার নাটকের প্রান্তিক দৃশ্য পরিকল্পনায়। স্বভাবতই এ দৃশ্যে আঙ্গিকের প্রাধান্য ছিল চমকপ্রদ, সংলাপ ছিল আবেগ ও উত্তেজনাদীপ্ত। শ্রমিকের প্রতিবাদ জলকল্লোলে চাপা পড়ে গেলেও তার আর্তনাদের রেশ, নিরুপায় জীবনতৃষ্ণা দর্শকদের বিমোহিত ও অভিভূত করেছিল। ট্র্যাজিক পরিণতির সঙ্গে চরিত্রের ক্ষোভ মিলে যে পরিবেশ সৃষ্টি হয়েছিল, তা একান্ত বাস্তব।

কোনও পেশাদারি মঞ্চে মার্কসবাদী চেতনায় শ্রমিকশ্রেণীকে এভাবে ব্যবহার ও তার জীবনযাপন উপস্থাপনার যে প্রচেষ্টা এই নাটকে উৎপল দত্ত দেখিয়েছিলেন তা এর আগে কখনও বাংলা মঞ্চে দেখা যায়নি। তাদের বৈভবহীন জীবনের নগ্ন ছবিকে তুলে ধরা যেন মঞ্চমায়ার কাছে এক চ্যালেঞ্জ এবং সেই পথ ধরেই মালিক শ্রমিকের অসম লড়াইয়ে শেষপর্যন্ত শ্রমিককে শোচনীয় মৃত্যুবরণ করতে হয়, যা আসলে হত্যারই নামান্তর।

পাঠকের মনে আসতে পারে সুবোধ ঘোষের অসামান্য গল্প 'ফসিলে'-র কথা; দু'য়েরই পরিণতি এক।

উৎপল দত্ত সামাজিক-রাজনৈতিক দায়বদ্ধ এক বিবেকী নাট্যকার, যিনি শিল্পের কাছেও দায়বদ্ধ। তাই 'অঙ্গার' বাস্তবকে স্বীকার করেই শেষ হয় জলবন্দী শ্রমিকদের আর্তনাদে। এই নিষ্ঠুর সত্য বাস্তবকে তুলে ধরলেও নাট্যকারের আদর্শবাদ হয়তো যন্ত্রণা দগ্ধ হয়। তাই এক স্মৃতিকথায় লিটল থিয়েটার গ্রুপের নাট্য আন্দোলন প্রসঙ্গে অঙ্গারের প্রান্তিক দৃশ্য সম্পর্কে তাঁর মনের বেদনাকে প্রকাশ করে বলেছিলেন—

"আজ পেছনের দিকে তাকিয়ে 'অঙ্গার' নাটককে আমার অকিঞ্চিৎকর মনে হয়। যে নাটক ডুবন্ত মজুরদের আর্তনাদে শেষ হয়, তার রচনার দায়িত্ব অস্বীকার করতে পারলে আজ বড় আনন্দিত হতাম।"

—এই উক্তি এক সংগ্রামী ব্যক্তিত্বের বেদনাদীর্ণ চিত্তের দহনকে তুলে ধরে ঠিকই কিন্তু দর্শক ও নাট্যপাঠক এ নাটককে পরাজিত মানুষের আর্তনাদেই শেষ বলে মেনে নেন না। তাঁরা উপলব্ধি করেন এক বিবেকী সৎ নাট্যকারের ভাবনা ও আন্তরপ্রেরণাকে। ঘটনাকে যথাযথ দেখিয়েছেন নাট্যকার, কিন্তু তাই বলে শ্রমিকের পরাজয়কে তিনি বড় করে দেখাননি; দেখাতে চেয়েছেন তাদের বাঁচবার অদম্য প্রয়াস ও জীবনাকাঙ্ক্ষাকে। তাই সনাতনের কণ্ঠ শয়তান ঐশ্বর্যলিপসু মানুষের বিরুদ্ধে বিষোদগার করে, মোস্তাক মৃত্যুর মুখে দাঁড়িয়েও বলে "গান ধরো"। তারা গায় জীবনের গান মৃত্যুর প্রান্তে এসে—তা' হয়ে যায় মৃত্যুঞ্জয়ী উচ্চারণ। বিনু বলে 'আমি বাঁচতে চেয়েছিলাম মা'। তার স্বপ্নের উচ্চারণ জলের ঢেউ-এ ভেসে গেলেও মৃত্যু উত্তীর্ণ অনুভবে দর্শককে অভিভূত করে। এই আর্তনাদে নাটক বহিরঙ্গে শেষ হলেও আসলে উৎপল দত্ত জীবনকেই জয়যুক্ত করতে চান। তাই তাঁর বেদনাদগ্ধ উচ্চারণ মনে রেখেও আমরা বলি এ নাটক মৃত্যুর নয়—জীবনের শপথ। মৃত্যুর কালো আঁধারে জীবনের আগুন।

৭.৬ অঙ্গার নাটকের চরিত্র

দীনবন্ধু মিত্র রচিত 'নীলদর্পণ' প্রকাশিত হয়েছিল ১৮৬০ খ্রিস্টাব্দে। বস্তুতান্ত্রিক সাহিত্যের অগ্রদূত হিসেবে তার ঐতিহাসিক মর্যাদা স্বীকৃত। নীলদর্পণেই দেখা গিয়েছিল বাংলা নাটকে গোষ্ঠীরর ট্র্যাজেডি। আধুনিক জনমুখী চেতনা ও সংঘবদ্ধ আন্দোলনের প্রাথমিক রূপাভাসও মিলেছিল তাতে। তাই প্রথাগত নায়ক চরিত্রের চেয়ে সাধুচরণ, রাইচরণ, গোপীনাথ, তোরাপ, পদীময়রানী, আদুরী বা রাইয়ত-রা টাইপ চরিত্র হিসেবে অধিকতর আকর্ষণীয়। বিচিত্রমুখী চরিত্রের দেখা মিলেছিল এ নাটকে। পরবর্তীকালে 'নবান্ন' যে গণনাট্য আন্দোলনের জন্ম দিয়েছিল তার ফলে মঞ্চে দেখা গেল বহু মানুষের মিছিল। একনায়কত্বর পরিবর্তে গণসাহিত্যমুখী চেতনা দেখা গেল।

উৎপল দত্ত রাজনীতিমনস্ক সচেতন নাট্যকার। তিনি 'অঙ্গার' নাটকে কয়লাখনির শ্রমিকদের সামগ্রিক ছবি আঁকলেন। এজন্য তাঁকে কল্পনার আশ্রয় নিতে হয়নি; সমকালীন খনি অঞ্চলের দুর্গতি ও দুর্গতজনকে কাছ থেকে দেখেছেন। বড়াধেমো কোলিয়ারীর ঘটনা ও দুর্ঘটনার তথ্য তিনি সেখানে গিয়ে সংগ্রহ করেছেন। তাই তত্ত্ব কথা নয়, তথ্য ও জীবনের সত্যকে রূপায়িত করতে পেরেছেন।

চরিত্রগুলি কল্পনাশ্রিত নয়; কাল্পনিক যদি বা হয়, তার ভিত্তি বাস্তব। চরিত্রগুলি নাট্যকার উৎপল দত্তের মনোলোকের সৃজন, কিন্তু এগুলি দেশকাল পাত্রাতীত শোষিত মুজরশ্রেণির বাস্তব চিত্রায়ণ। কুশীলবের পরিচয়লিপিতে (প্রথম অভিনয় রজনীর) আছে মোট বিয়াল্লিশ জনের নাম। এদের মধ্যে বিনু, দীননাথ, হাফিজ, গফুর, সনাতন, আরিফ, রমজান, মোস্তাক, জয়নুদ্দি, জলু, কুদরৎ, দয়াল, মহাবীর প্রত্যেকের ভূমিকা বিশিষ্ট। বিনুকে প্রধান চরিত্র বলা গেলেও এদের অপ্রধান বলা যাবে না। প্রথম থেকে শেষ দৃশ্য পর্যন্ত এদের ভূমিকা অত্যন্ত সক্রিয় ও তাৎপর্যপূর্ণ।

নারী চরিত্রের মধ্যে বিনুর মা, সুমনা, রূপা, রুকমির ভূমিকাও গুরুত্বপূর্ণ।

বিনু এ নাটকের প্রধান চরিত্র। তার মা ও বোন সুমনা এবং প্রেমিকা রূপাকে ঘিরে তার অনেক স্বপ্ন, আশা ও বঞ্চনা। বিনু একেবারে অশিক্ষিত নয়—সে ম্যাট্রিক পাশ করেছে। তাই কোলিয়ারীর হিসেবে সে 'লিটারেট', 'শটফায়ারার' থেকে সর্দার, ওভারম্যান পর্যন্ত হয়ে যেতে পারে। বিনুর মার আশা, ম্যাট্রিক পাশ বিনু হয়তো অফিসের কাজ পেতে পারতো। তখনই দীননাথ বলেছে—"কেরানী হয়ে কলম পিষে নস্যি নিয়ে ষাট বছরে আড়াইশ টাকা পাবে—সেটাই চাই? আমার এতদিনের ট্রেনিংটা বৃথা নষ্ট করবে?"

শটফায়ারিং সর্দার দীননাথ মুখুজ্যে স্বল্পকালীন উপস্থিতিতে এ নাটকের এক বিশিষ্ট চরিত্র। মাত্র প্রথম দৃশ্যে সে এসেছে—বিনুকে সে শটফায়ারিং-এর ট্রেনিং দিচ্ছে। বিনোদ বা বিনুর পরিবারের সঙ্গে দীননাথের অন্তরঙ্গ সম্পর্ক। মিথেন গ্যাস জমা খনির অভ্যন্তরে ৩১ নভেম্বরে শটফায়ারিং চলার সময় বিস্ফোরণে দীনুর মৃত্যু ঘটে। তার মৃতদেহকে খনি গহ্বর থেকে সরিয়ে কোলিয়ারী থেকে দূরের রাস্তায় ফেলে আসা হয় এবং কর্তৃপক্ষের গাফিলতি ও অব্যবস্থাকে ধামাচাপা দেবার জন্য এক উদ্দেশ্যপ্রণোদিত তদন্ত কমিশন বসে। তার মৃত্যুর মধ্য দিয়ে দীনু সমস্ত শ্রমিকদের সংঘবদ্ধ করে যায়। প্রথম দৃশ্যে দীনুর মৃত্যু থেকে শেষ দৃশ্যে খনিগর্ভে বিনু-সহ সাতজনের মৃত্যু যেন এক সূত্রে বাঁধা। কোম্পানির মুনাফার বিনিময়ে শ্রমিকশ্রেণি এভাবেই চিরকাল প্রাণ দিয়েছে। নিজেদের প্রাণের উত্তাপ নিয়ে এরাই যেন খনিগর্ভের কালোহীরে। মালিকপক্ষের অন্যায় অত্যাচারে দগ্ধপ্রাণ আলোককণাই তো অঙ্গার।

বিনুর মুখ দিয়ে নাট্যকার উচ্চারণ করিয়েছে, "কয়লা যুগ যুগ ধরে তিল তিল করে সঞ্চয় করল উত্তাপ, বজ্রের শক্তি-পৃথিবীর থেকে, সূর্যের কিরণ থেকে। চেহারা হল পোড়া কালো কর্কশ, ভেতরে রইল অগ্নি সম্ভাবনা, ঠিক যেমন খেটে খাওয়া মানুষ"

কয়লার মত সংগ্রামের আগুনে পোড়া মানুষগুলোই 'অঙ্গার' নাটকের শ্রমিক দল। এই সংগ্রামের উত্তাপ লেগেছে নারীচরিত্রসমূহেও। বিনুর মা এ নাটকের প্রধান চরিত্র। শ্রমিকের মা হিসেবে তার সাধ অতি সামান্যই—শুশুনিয়া পাহাড়ে ধারে একটুকরো জমিতে খড় ছাওয়া একখানি মাটির ঘর, যেখানে তুলসীতলায় রোজ প্রদীপ জ্বলবে।

সেই সামান্য সাধও অপূর্ণ থেকে যায়।

এই ছোট্ট স্বপ্নই খাদের তলায় জলমগ্ন হবার মুখে বিনুকে আকুল করে তোলে। প্রথম দৃশ্যের এই স্বপ্নমাখা সংলাপই শেষ দৃশ্যে আকুল হাহাকারে উচ্চারিত হয়; বেদনার বৃত্ত হয় সম্পূর্ণ। রূপা, সুমি ও রুকমি ছোট চরিত্র হয়েও তাৎপর্যপূর্ণ ভূমিকায় প্রতিষ্ঠিত। রুকমিকে ঘিরে আরিফ আর রমজানের তীব্র প্রতিদ্বন্দ্বিতা শেষ দৃশ্যে মৃত্যুর মুখোমুখি এসে বন্ধুত্বের বাঁধনে শেষ হয়।

পঞ্চম দৃশ্যে খনিতে সর্বধ্বংসী বিস্ফোরণের শব্দ শোনা যায়। চোখে পড়ে পিট হেডের বিধ্বস্ত দৃশ্য। সেখানে কাঁটাতারের বেড়া দিয়ে বিপজ্জনক জায়গাটুকু ঘিরে রাখা। একপাশে বড়কর্তারা জটলা করছেন, অন্য কোণে কয়েকটি অসহায় প্রাণী—বিনুর মা, রূপা, সুমি, রুকমি, হাফিজ, গফুর, জয়নুলের বৃদ্ধা মা, মোস্তাকের বুড়ো বাবা, জলু। এদেরই প্রিয়জনেরা নীচে চাপা পড়েছে। উৎকণ্ঠিত অসহায় মানুষগুলির টুকরো সংলাপে, উদ্বিগ্ন আচরণে, কখনো বা এলোমেলো কথায় ফুটে ওঠে তাদের মানসক্রান্তি। তারা বুঝতেও পারে না তাদের চোখের সামনে তাদের একান্ত জনদের জীবন্ত কবরস্থ করার ব্যবস্থা করছে শেলডন কোম্পানি। তার পরিবর্তে ওদের হাতে তুলে দিয়েছে একটুকরো কাগজ—সাতশো টাকা, জীবনের দাম। তারই বিরুদ্ধে ধিক্কার গর্জে ওঠে রুকমির সংলাপে—"দু'টুকরো কাগজ দু'টো জীবনের দাম। জ্যান্ত মানুষগুলোকে জলে ডুবিয়ে মেরেছে। ওদের টাকায় থুথু দিই আমি"

মিছিলের মুখে এই কথাই যেন শোষক মালিকপক্ষের বিরুদ্ধে উচ্চকিত শ্লোগান হয়ে জেগে থাকে। তাই ডুবন্ত মানুষের আর্তনাদে নয়—মালিকপক্ষের প্রতি ধিক্কৃত ঘৃণার সংলাপেই 'অঙ্গার' হয়ে দাঁড়ায় সর্বকালের প্রতিবাদী এক নাটক।

৭.৭ অনুশীলনী

১। অঙ্গার কোন শ্রেণির নাটক?

২। অঙ্গার নাটকের উৎস ও কাহিনী আলোচনা করুন।

৩। অঙ্গার নাটকের নামকরণ সার্থকতা বিচার করুন।

৪। অঙ্গার নাটকের প্রধান চরিত্র কে বা কারা? উল্লেখযোগ্য দুটি চরিত্র বিশ্লেষণ করুন।

৫। নাটকটির প্রান্তিক দৃশ্যের নাট্যসঙ্গতি বিচার করুন।

৬। অঙ্গার-এর নাট্যপ্রকৃতি ও তার মঞ্চরূপের মধ্যে সামঞ্জস্য কতটা তা বিচার করুন।

৭.৮ গ্রন্থপঞ্জি

১। The Story of the Calcutta Theatres, 1753-1980 : Sushil Kumar Mukherjee.

২। Towards a Revolutionary Theatre : Utpal Dutta.

৩। চায়ের ধোঁয়া : উৎপল দত্ত।

৪। বাংলা নাট্যাভিনয়ের ইতিহাস : অজিত কুমার ঘোষ।

৫। নবান্ন থেকে লালদুর্গ : শোভা সেন।

একক ৮ □ চাঁদবণিকের পালা

পর্যায় ৩ একক ৮

৮.০ প্রস্তাবনা

৮.১ শম্ভু মিত্র ও বাংলা থিয়েটার

৮.২ চাঁদবণিকের পালা : উৎস সন্ধানে

৮.৩ চাঁদবণিকের পালা : সারাংশ

৮.৪ চাঁদবণিকের পালা : আধুনিক রূপায়ণ

৮.৫ চাঁদবণিকের পালা : তত্ত্বানুসন্ধান

৮.৬ চাঁদবণিকের পালা : চরিত্র বিচার

৮.৭ অনুশীলনী

৮.৮ গ্রন্থপঞ্জি

৮.০ প্রস্তাবনা

আধুনিক বাংলা নাট্যমঞ্চের প্রবাদপ্রতিম ব্যক্তিত্ব শম্ভু মিত্র রচিত 'চাঁদবণিকের পালা' সর্বার্থেই এক অনন্যসাধারণ নাটক। রবীন্দ্রনাথ, ইবসেন, সফোক্লেস এবং আধুনিক নাট্যপরিক্রমার শেষে শম্ভু মিত্র পৌঁছে গেলেন এক মধ্যযুগের কাহিনি-নির্ভর সৃজনে—তার নাম 'চাঁদবণিকের পালা'। আমাদের মনে প্রশ্ন জাগতে পারে, যে শম্ভু মিত্র বাংলা নাট্যমঞ্চে সর্বার্থে আধুনিক মন ও মননের দাবিদার, যিনি প্রথম বাংলা নাট্যমঞ্চে রবীন্দ্রনাথকে সার্থকভাবে প্রতিষ্ঠিত করেন, যিনি অত্যন্ত অনায়াস ভঙ্গিমায় ইবসেন, সফোক্লেসকে বাঙালির অন্তরে প্রোথিত করে দিতে পারেন—সেই শম্ভু মিত্র কেনই বা জীবনের সায়াহ্নে মধ্যযুগে—মনসামঙ্গাল আকৃষ্ট হলেন? এই প্রশ্নকে সামনে রেখেই 'চাঁদবণিকের পালা' নাটকের পুঙ্খানুপুঙ্খ বিচার ও বিশ্লেষণে প্রবৃত্ত হবো আমরা।

৮.১ শম্ভু মিত্র ও বাংলা থিয়েটার

আমরা একথা জানি যে চল্লিশের দশকে যে 'শম্ভু মিত্র' একটি নামমাত্র, পঞ্চাশের দশকে সেই নাম একাই একটি প্রতিষ্ঠানে পরিণত। সেই সময় শম্ভু মিত্রের নিজের হাতে নির্মিত 'বহুরূপী' এবং 'শম্ভু মিত্র' সমার্থক। ঊনত্রিশ বছরের যুবক, যাঁর নাম শম্ভু মিত্র, তিনি নাটককে ভালোবেসে ১৯৪৪ খ্রিস্টাব্দে ভারতীয় গণনাট্য সংঘের 'নবান্ন' নাটক নির্দেশনার দায়িত্ব গ্রহণ করলেন। বস্তুত সেদিনের সেই তরুণ শম্ভু মিত্র 'নবান্ন' নাটকে যে 'আবেগ-নিঃসঙ্গাতা-ভালোবাসা' মিশ্রিত কাব্যিক আবহ নির্মাণ করেছিলেন—পরবর্তীকালে সেই কাব্যরসসিক্ত সৃজন তাঁরই নির্দেশনায় নানা নাটকে আমরা লক্ষ্য করেছি। বস্তুত পরিচালক বা নির্দেশক হিসেবে 'রিয়েলিটি'-র গভীরতাসন্ধানে শম্ভু মিত্রের ছিল সযত্ন-সতর্ক অভিনিবেশ। এই কারণেই আমরা লক্ষ্য করি যে আর পাঁচজনের কাছে 'নবান্ন' নাটকের হাহাকার

যখন মুখ্য ; তখন শম্ভু মিত্রের কাছে নবান্ন-র হাহাকার বড় কথা নয়। 'নবান্ন' এক গভীরতর বেদনার কাব্য এই বোধে-ই উদ্দীপ্ত হয়েছিলেন শম্ভু মিত্র। ভারতীয় গণনাট্যসংঘের প্রযোজনায় 'নবান্ন'-র অভিনয় সে ইতিহাস সৃষ্টি করলো, তারই ধারাপথে পরিচালক শম্ভু মিত্র অনিবার্যভাবেই এক প্রতিষ্ঠানে পরিণত হলেন।

আমরা একথাও ভুলে যেতে পারি না যে চল্লিশের দশকে পেশাদার থিয়েটারে যোগ দিয়েও শম্ভু মিত্র সেখান থেকে বিদায় নিয়েছিলেন। কিন্তু, কেন? বস্তুত কোনো এক গভীরতর অতৃপ্তি তাঁকে যেন ভেতর থেকে 'অন্য কোথাও অন্য কোনোখানে' এই উচ্চারণে অস্থির করে তুলেছিল। তাই ভারতীয় গণনাট্যসংঘে শম্ভু মিত্রের যোগদান ও 'নবান্ন' নাটকের মঞ্চায়ন বাংলা নাটকের জগতে তৈরি করেছিল নতুন প্রয়োগ নৈপুণ্যের পথনির্দেশ। ১৯৪৪ থেকে ১৯৪৮ খ্রিস্টাব্দ এই সংক্ষিপ্ত পর্বে গঠিত হবার মতন স্বতন্ত্র অধ্যায় রচনা করলো ভারতীয় গণনাট্যসংঘ। আর তার মধ্যমণি হিসেবে স্বতন্ত্রভাবে চিহ্নিত হলেন শম্ভু মিত্র।

উপরোক্ত প্রেক্ষিতে শম্ভু মিত্রের নতুন জীবন, বলা ভালো নাট্যজীবন শুরু হলো 'বহুরূপী' প্রতিষ্ঠায়। প্রতিষ্ঠার কয়েকবছরের মধ্যেই 'পথিক', 'উলুখাগড়া', 'ছেঁড়া তার' ও 'চার অধ্যায়' বাংলা থিয়েটারে নতুন দিকনির্দেশ করে দিল। এই প্রসঙ্গে 'বহুরূপী' প্রতিষ্ঠা পর্বের দেশ ও কাল বিশেষভাবে স্মরণীয়। বস্তুত বাংলা নাটকে পৌরাণিক, আধা-ঐতিহাসিক, মেলোড্রামাটিক পারিবারিক আবেগ সর্বস্বতা ইত্যাদি যে গতানুগতিক নাট্যভাবনার রূপায়ণ চলে আসছিল—হঠাৎ যেন এক লহমায় সমসাময়িক জীবন ও জীবনসংগ্রামের উপস্থাপনায় বাংলা নাটক অন্যরূপে উপস্থিত হল।

১৯৪৮ খ্রিস্টাব্দে শম্ভু মিত্রের হাত ধরে 'বহুরূপী'-র প্রতিষ্ঠা। দেশ তখন সদ্য স্বাধীনতা পেয়েছে,—সাম্প্রদায়িক হানাহানির উত্তপ্ত বাতাস তখনও মিলিয়ে যায়নি। উদ্বাস্তু সমস্যা দেশের আর্থ-সামাজিক পরিস্থিতিতে তৈরি করেছে এক নতুন সঙ্কট। এমনই এক অদ্ভুত কঠিন পরিস্থিতিতে শম্ভু মিত্র বাংলা নাটকে নতুন বাতাস এনে দিলেন।

বাংলা নাটকের অভিনয়ের ইতিহাসে শম্ভু মিত্র প্রথম পরিচালক ও অভিনেতা যিনি বাংলাভাষার কথ্যরূপকে সফলভাবে মঞ্চে নিয়ে এলেন। শম্ভু মিত্র প্রথম ব্যক্তিত্ব যিনি আমাদের চোখে আঙুল দিয়ে দেখালেন যে নাকটকটা দুই তরবারির খেলায় বা বিপরীত চাপে নির্মিত হয় না ;—বরং বাঙালির একত্র কথোপকথন, বিভিন্ন কথ্যভঙ্গিমা, গতিভঙ্গিতে তৈরি হয় বাংলা নাটক। বাঙালির উচ্চারণের এমন নাটকীয় বৈচিত্র্য শম্ভুবাবুর পূর্বে বাংলামঞ্চে কেউ আমাদের এমন স্পষ্টাকারে দেখাতে পারেননি। শুধু তাই নয়, এতদিনের অভ্যস্ত ভঙ্গিতে আমরা যে রবীন্দ্রনাথের নাটকের সংলাপ ঠিকমতো উচ্চারণ করতে পারিনি ; তা অবিশ্বাস্যভাবে বাঙ্ময় হয়ে উঠল শম্ভু মিত্র নির্দেশিত-অভিনীত-উচ্চারিত 'বহুরূপী'-র রবীন্দ্র নাটক প্রযোজনায়। রবীন্দ্র নাটক অভিনয়যোগ্য নয় এমন প্রচলিত ধারণাকে শম্ভুভু মিত্র নস্যাৎ করলেন নিজস্ব দক্ষতায়। রবীন্দ্র নাটক ছাড়াও ইবসেন, সোফোক্লেসকে বাঙালি মন ও মননের আলোতে এমনভাবে নির্মাণ ও মঞ্চস্থ করলেন যে আমরা বিস্ময়ে অভিভূত হলাম।

নাট্যপরিচালক ও অভিনেতা হিসেবে শম্ভু মিত্রের খ্যাতি ও বাংলা থিয়েটারে তাঁর অবদান অনস্বীকার্য। এহেন শম্ভু মিত্রকে আমরা নাট্যকার রূপেও লক্ষ্য করি। অন্য নাটকের অনুবাদকর্মে তাঁর সফলতাও লক্ষ্যণীয়। ইবসেন-এর 'ডলস্ হাউস'-এর অনুবাদ 'পুতুলখেলা', 'এনিমি অফ দ্য পিপ্‌ল'-এর অনুবাদ 'দশচক্র', সোফোক্লেসের 'কিং ঈডিপাস'-এর অনুবাদ 'রাজা অয়াদিপাউস' এবং ইউজিন ও নীল-এর নাটক 'হোয়্যার দা ক্রস ইজ মেড'-এর অনুবাদ 'স্বপ্ন',—বস্তুত শম্ভু মিত্রের অনুবাদ ক্ষমতার অনন্য সাধারণ দৃষ্টান্ত হয়ে আছে।

নাট্যকার হিসেবে রবীন্দ্রনাথের 'চার অধ্যায়' উপন্যাসের নাট্যরূপ দান শম্ভু মিত্রর বিশেষকর্ম হিসেবে আজও চিহ্নিত হয়ে আছে। মৌলিক নাটকও উপহার দিয়েছেন তিনি। সেগুলি হলো : 'উলুখাগড়া', 'একটি দৃশ্য', 'বিভাব', 'কাঞ্চনরঙ্গা',

'গর্ভবতী বর্তমান', 'ঘূর্ণি', 'অতুলনীয় সংবাদ' এবং আমাদের আলোচ্য 'চাঁদবণিকের পালা'।

৮.২ চাঁদবণিকের পালা : উৎস সন্ধানে

আমরা পূর্বেই একথা বলেছি যে নাট্যপরিচালনা ও অভিনয়ের জগতে কিংবদন্তী মানুষ শম্ভু মিত্র নাট্যরচনাকর্মে নিজস্ব বৈশিষ্ট্য তুলে ধরেছিলেন। 'উলুখাগড়া' বা 'পুতুলখেলা'-র রূপান্তর, 'রাজা অয়াদিপাউস'-এর অনুবাদ ইত্যাদি কর্মে শম্ভু মিত্রর অন্য এক সৃজনক্ষমতা আমরা লক্ষ্য করেছি।

আমাদের আলোচ্য 'চাঁদবণিকের পালা' এক আশ্চর্য সুন্দর সৃষ্টি! আমরা একথা জানি যে রবীন্দ্রনাটকের 'রাজা'-র মহড়া-র সময়েই মনসামঙ্গালের চাঁদসদাগর চরিত্রের ভাবনা শম্ভু মিত্রকে ঘিরে ধরেছিল। আমরা একথা জানি যে পুরাণ এবং ইতিহাসের কাহিনি অবলম্বন করে সাহিত্য রচনা আধুনিক সাহিত্যের বিশিষ্ট দিক। কিন্তু, মনে প্রশ্ন জাগতে পারে, আধুনিক সময়ের শিল্পীরা পুরাণে বা ইতিহাসে ফিরে যান কেন? এই ফিরে যাওয়া কী নিছক ঐতিহ্যের অনুবর্তন? আমাদের মনে হয়, পুরাণ বা ইতিহাসের চেনা ছবির মাধ্যমে আধুনিক সময়ের জীবন ও জীবনের জটিলতা বা সংকটকে রূপদানের প্রাথমিক ইচ্ছে থেকেই আধুনিক শিল্পীদের পুরাণ বা ইতিহাসে ফিরে যাওয়া। পুরাণ কাহিনি বা ইতিহাসের আধুনিকীকরণ ঘটে, নতুন নতুন মাত্রা ও ব্যঞ্জনায় পুরাণ বা ইতিহাস ধরা দেয়।

আধুনিক সময়ের নাট্যকার শম্ভু মিত্র তাঁর 'চাঁদবণিকের পালা' নাটকটির নির্মাণকল্পে যখন মধ্যযুগের সাহিত্য মনসামঙ্গাল পৌঁছে যান,—তখন আমরা অনুভব করি যে, নিশ্চিতভাবেই শম্ভু মিত্র-র এই মনসামঙ্গাল, বিশেষত চাঁদসদাগরে পৌঁছে যাওয়া দীর্ঘদিনের চিন্তালালিত কোনো পরিকল্পনার-ই অঙ্গ। আমাদের পরিচিত মনসামঙ্গালের কাহিনিতে চাঁদসদাগর একজন গোঁয়ার, অহংসর্বস্ব, ব্যবসায়ীমাত্র। যার একগুঁয়ে, জেদি মনোভাবে পরিবার বিপর্যস্ত, ধ্বংসের মুখোমুখি সকলে। তবু চাঁদসদাগর, যে শিবের উপাসক, সে কোনোক্রমেই মনসার পুজো দিতে নারাজ। আপন প্রতিজ্ঞায় অটল সেই চাঁদসদাগর চরিত্র আধুনিক সময়ের নাট্যকার শম্ভু মিত্রকে বিশেষভাবে ভাবিয়েছিল। শম্ভু মিত্র মনসামঙ্গালের চাঁদসদাগর চরিত্রের মধ্যে এক বিস্ফোরক সম্ভাবনা লক্ষ্য করেছিলেন। মনসামঙ্গাল বর্ণিত ও মনসামঙ্গালের রচয়িতাদের কলমে উল্লেখিত জেদি, গোঁয়ার, অহঙ্কারী চাঁদসদাগর চরিত্রের মধ্যে বস্তুত শম্ভু মিত্র খুঁজে পেয়েছিলেন অন্যতর এক ব্যঞ্জনা,—আজকের কবির ভাষায় যে চাঁদসদাগর 'আপন মুদ্রাদোষে, সকলের মাঝে বসে হতেছে আলাদা'! নাট্যকার শম্ভু মিত্রের মনে হয়েছিল, মধ্যযুগে মনসামঙ্গালে চাঁদসদাগরের জীবনে যে সংকট নেমে এসেছিল, সেই সংকটের মূলে আছে ব্যক্তিত্বের সংকট, আপন আদর্শে বিশ্বাসে অটল ব্যক্তিত্বের সংকট! আজও, আধুনিক সময়েও সেই সংকট বর্তমান। সেই সংকটের চেহারা হয়তো বদলে গেছে, সংকটের রূপ ও মাত্রা একইরকম নয়,—কিন্তু শম্ভু মিত্র-র মনে হয়েছে সেই সংকট আজও রয়ে গেছে। তাই আধুনিক সময়ে, আধুনিক জীবনে আপন আদর্শে-বিশ্বাসে অটল ব্যক্তিত্বের নিদারুণ সংকটের চিত্ররূপায়ণের নাট্যকার শম্ভু মিত্র মনসামঙ্গালের কাহিনি-নির্ভর চাঁদসদাগর চরিত্র নির্বাচনে আগ্রহী হলেন,—সেই কারণে শম্ভু মিত্রের নাটকের শিরোনাম 'চাঁদবণিকের পালা'।

৮.৩ চাঁদবণিকের পালা : সারাংশ

নাট্যকার শম্ভু মিত্র-র 'চাঁদবণিকের পালা' নাটকের মূল উৎস মধ্যযুগের 'মনসামঙ্গাল' হলেও নাট্যকার কাহিনি নির্মাণে সম্পূর্ণ স্বতন্ত্রতার স্বাক্ষর রেখেছেন। নাট্যকার শম্ভু মিত্র আলোচ্য নাটকে তাঁর দৃষ্টি যে সম্পূর্ণত চাঁদবণিকের

প্রতি এই কথা প্রমাণের জন্য 'মনসামঙ্গাল'-এর কেন্দ্রীয় চরিত্র 'দেবীমনসা'-কে এ নাটকে সম্পূর্ণ বর্জন করেছেন। তৎসহ বর্জিত হয়েছে মনসামঙ্গলের আর এক গুরুত্বপূর্ণ চরিত্র 'নেতা ধোপানি'।

'চাঁদবণিকের পালা' নাটকটি শুরু হচ্ছে চাঁদবণিকের বাণিজ্যযাত্রার প্রস্তুতিতে। এই দৃশ্য নির্মাণে নাট্যকার প্রথমেই স্পষ্ট করে দেন যে চাঁদবণিক অপরাপর বাণিজ্যযাত্রীদের নেতা,—নেতৃত্বদায়ী অগ্রপথিক। এহেন সূচনার পরই নাট্য ঘটনার ঘনঘটা। চাঁদের সহযাত্রীদের মধ্যে মনসা-র ভীতি, প্রাতিষ্ঠানিক শক্তির ভয়ঙ্করতার জন্য দ্বিধা-দুর্বলতা ক্রমশ যতই প্রকট হয়ে ওঠে,—ততই চাঁদবণিকের লড়াই তীব্রতর হয়। আরাধ্য শিবের উপাসক হিসেবে চাঁদবণিক বাণিজ্যযাত্রার যাবতীয় প্রস্তুতি নিয়েও ক্রমশ সঙ্গীহীন হয়ে পড়ে। আধুনিক সময়ের প্রেক্ষিতে অদৃশ্যে দেবীমনসা,—তার প্রাতিষ্ঠানিক শক্তির প্রতিনিধি হিসেবে বেণীনন্দন, চাঁদবণিকের বাণিজ্যযাত্রার যাবতীয় পরিকল্পনা বিপর্যস্ত করে দিতে চায়। নাট্যকার এই প্রাতিষ্ঠানিক শক্তির ভয়ঙ্করতা বোঝানোর জন্য নির্মাণ করেন এক অভিনব চরিত্র। যাঁর নাম আচার্য বল্লভ। এই আচার্য বল্লভ চাঁদের শিক্ষাগুরু। কিন্তু তিনিও পারিবারিক কারণে অনন্যোপায়চিত্তে আপোষে বাধ্য হন। চাঁদের সংকট ও অসহায়তা আরো তীব্র হয়ে ওঠে। আলোচ্য নাটকে অত্যন্ত গুরুত্ব পেয়েছে লখিন্দর-বেহুলা ও সনকা চরিত্র-ত্রয়। লখিন্দর বাবা চাঁদবণিককে প্রথমে ভুল বোঝে। সে ভাবে, বুঝি বাবার জন্যই তাদের পরিবারে নেমে এসেছে এমন বিপর্যয়; তাই অক্লেশে বাবাকে ব্যঙ্গ করে সে বলতে পারে, "নাটুয়ার রাজার মতন রাজা সেজ্যে ভাব্যাছিলে সত্য বুঝি রাজা হয়্যা গ্যাছো"!

এহেন লখিন্দরের ক্রমশ পরিবর্তনও সম্পূর্ণ অভিনব। তার এই পরিবর্তনের মূলে বেহুলা। বেহুলা চরিত্রটি নাট্যকার সম্পূর্ণভাবে আধুনিক নারীরূপে চিত্রিত করেছেন। বেহুলা এই নাটকের একমাত্র চরিত্র যে প্রথমাবধি তার শ্বশুর চাঁদবণিকের আদর্শ কর্ম সম্পর্কে দ্বিধাহীনভাবে সশ্রদ্ধ। তারই প্রভাবে লখিন্দরের জীবনে পরিবর্তন আসে।

অন্যদিকে সনকা যেন আমাদের বাঙালি পরিবারের সাধারণ জননী ও গৃহবধূর চিত্র। সাংসারিক মঙ্গাল কামনায় সনকা তাই স্বামীর অগোচরে মনসাকে পুজো করে।

প্রাতিষ্ঠানিক শক্তির ভয়ঙ্করতা থেকে রেহাই পায় না চাঁদবণিকের বাণিজ্য ডিঙ্গি। চাঁদের পুত্র লখিন্দরকে সর্পদংশনে মৃত্যুবরণ করতে হয়। পুরাণ অনুসরণে বেহুলা স্বামীর মৃতদেহ নিয়ে যাত্রা করে। অবশেষে স্বামীর প্রাণ ফিরিয়ে আনে বেহুলা এই শর্তে যে তার শ্বশুর চাঁদবণিক মনসার পুজো দেবে।

এরপরই নাট্যকার সম্পূর্ণ অভিনব উপায়ে এমন এক দৃশ্য নির্মাণ করেছেন যা অভাবনীয় ও সম্পূর্ণ আধুনিক চেতনাসম্পন্ন। লখিন্দর-বেহুলা-র আত্মহত্যার দৃশ্য আলোচ্য নাটকে অসাধারণ মাত্রা যোজনা করেছে। পঙ্কিল-কর্দমাক্ত-নীতিহীন-আদর্শহীন সমাজে বাঁচা অপেক্ষা মৃত্যু শ্রেয় এবং মৃত্যুর অধিকার তথা আত্মহত্যা-র অধিকার ঘোষণার মধ্য দিয়ে নাট্যকার এ নাটকে যে করুণ আবহ তৈরি করেন তা অতুলনীয়।

সব হারিয়ে চাঁদবণিক কিন্তু শেষপর্যন্ত রিক্ত চিত্তে গ্লানিপূর্ণ হৃদয়ে যাত্রার প্রস্তুতিতে পুনর্বার মনোযোগী হয়। এভাবেই একজন ব্যক্তিস্বাধীনতাপ্রিয়, আদর্শবাদী, সত্যনিষ্ঠ মানুষের লড়াইয়ের কাহিনির সমাপ্তি ঘটে।

৮.৪ চাঁদবণিকের পালা : আধুনিক রূপায়ণ

মধ্যযুগের মনসামঙ্গাল কাব্যে মনসামঙ্গালের কবি দেবী মনসার মাহাত্ম্য প্রচারে-ই সর্বাধিক মনোযোগী ছিলেন। দেবী মনসার প্রতি ভক্তি নিবেদনে জীবনের চরম ও পরম সার্থকতা এই বাণী-ই মনসামঙ্গলকাব্যে উচ্চকণ্ঠে উচ্চারিত। স্বাভাবিকভাবেই দৈব মহিমা যে কাব্যের মূল অবলম্বন এবং দেবী মনসার মাহাত্ম্য প্রচার যে কবির মুখ্যকর্ম,—সেক্ষেত্রে অন্য ঘটনা ও অন্য চরিত্র তুলনামূলকভাবে গুরুত্বহীন হয়ে যায় সেকথা বলাইবাহুল্য। মধ্যযুগের যুগরুচি ও প্রতিবেশ

এমন এক দৈবমহিমাযুক্ত কাব্যরচনার অনুকূল ছিল। কিন্তু বিংশ শতাব্দীর একজন প্রথিতযশা নট-নাট্যকার-পরিচালক যখন মধ্যযুগের সেই কাহিনিকে অবলম্বন করেন, তখন আমাদের মধ্যে ঔৎসুক্য জাগে। আমরা আকুল আগ্রহে লক্ষ্য করতে চাই যে শম্ভু মিত্রের মতন আধুনিক জীবনবোধসম্পন্ন একজন নাট্যব্যক্তিত্ব আধুনিক সময়ে মনসামঙ্গালের কাহিনিকে কীভাবে রূপদান করেন!

আমরা পূর্বেই একথা বলেছি যে শম্ভু মিত্র তাঁর 'চাঁদবণিকের পালা' রচনায় মনসামঙ্গালকে অবলম্বন করলেও মূলত তিনি মনসামঙ্গালের চাঁদসদাগর চরিত্র সম্পর্কেই সবিশেষ আগ্রহী ছিলেন। শম্ভু মিত্র মনসামঙ্গালের চাঁদসদাগর চরিত্রে যেটুকু লড়াই, আপোষহীন মনোভঙ্গিমা, আপন আদর্শে অটল থাকার ইচ্ছা লক্ষ্য করেছিলেন—তাকেই আধুনিক সময়ে একজন সত্যনিষ্ঠ-আদর্শবান-ব্যক্তি-স্বাধীনতাপ্রিয় চরিত্রের মধ্যে সমাপতিত করতে চেয়েছেন। মনসামঙ্গালের কবিকুল চাঁদসদাগরের পতনের জন্যে যেখানে মনসার প্রতি তার আনুগত্যহীনতা, জিদ (যাকে একগুঁয়েমি বলেছেন তাঁরা), অহংবোধ ইত্যাদিকে দায়ী করেছেন—সেখানে শম্ভু মিত্র চাঁদবণিকের পতনের জন্যে প্রাতিষ্ঠানিক শক্তির স্বৈরাচর, ব্যক্তি-স্বাধীনতাপ্রিয়-আদর্শবান চাঁদবণিকের আপোষহীন মনোভঙ্গিমাকে দায়ী করছেন। বস্তুত চাঁদবণিক আলোচ্য নাটকে এক নতুন সমাজ গড়ার স্বপ্নে বিভোর। যে সমাজে গণতন্ত্রের কোনো মূল্য নেই, ব্যক্তি-স্বাধীনতার কোনো স্বীকৃতি নেই, সেই স্থবির সমাজকে ভাঙতে ও নতুন করে গড়তে চেয়েছে শম্ভু মিত্রের চাঁদবণিক। এখানেই মনসামঙ্গালের চাঁদসদাগরের সঙ্গে শম্ভু মিত্রের চাঁদবণিকের পার্থক্য স্পষ্ট হয়ে যায়,—"ভাইরে, আমরা কি সেই নিডরিয়া বাপ-পিতেমহদের বংশের সন্তান?.....প্রাণ দিয়্যা তারা নিজ প্রাণটারে সওদ্যা করেছে—আর আমরা কী করি? (হাঁক দিয়ে বলে) এ চম্পকনগরীর যত নিডরিয়া সদাগর ভাই,—সেই সব আত্মার তর্পণ আজ আমাদের কাজ। আমাদের পথ সত্য, চিন্তা সত্য, কর্ম সত্য। আমাদের জয় কেউ ঠেকাতি পারে না।"

চাঁদসদাগরের বাণিজ্যযাত্রা, আরাধ্য শিব ছাড়া মনসাকে পুজো না করার অটল ঘোষণা যেখানে মঙ্গালকাব্যের কবির কাছে নিছকই মূর্খামি ও গেঁয়ারতুমি,—সেখানে শম্ভু মিত্র চাঁদের এই আচরণকে বস্তুত একজন আদর্শবাদী আত্মবিশ্বাসী মানুষের সত্যনিষ্ঠা হিসেবে চিহ্নিত করছেন। গড্ডালিকাপ্রবাহে গা ভাসিয়ে আপোষকামিতায় জীবন কাটানো তো অত্যন্ত সহজকর্ম। কিন্তু তার বিপ্রতীপে দাঁড়িয়ে চাঁদবণিকের উচ্চারণ যেন আধুনিককালের আদর্শবাদী ব্যক্তিস্বাধীনতাপ্রিয় মানুষের সাহসী ঘোষণা,—"ভাইরে, দেশ তো এখন মনসার পূজারীরা কুক্ষিগত কর্য্যে নেছে। সত্যকার দেশের অন্তর এখন তো খালি বেঁচ্যে আছে আমাদের বুকে।" এখানে লক্ষ্যণীয় 'দেশ' শব্দটি! মনসামঙ্গালে দেশ বা দেশের ভাবনা দেবী মনসার পুজোর মধ্যে সমাহিত। আধুনিক সময়ের আর্থ-সামাজিক-রাজনৈতিক সংকটকে শম্ভু মিত্র দেখতে চেয়েছেন চাঁদের জীবন সংকটে। দেবী মনসা তাই শম্ভু মিত্রের আলোচ্য নাটকে চরিত্র হিসেবে অনুপস্থিত। কেননা আধুনিককালে প্রাতিষ্ঠানিক শক্তি নেপথ্যে থেকে তার প্রতিনিধিদের মাধ্যমে আপন কর্তৃত্ব কায়েম রাখে। সেজন্য বেণীনন্দন বা আচার্য বল্লভ নানাভাবে চাঁদবণিকের বাণিজ্যযাত্রায় নিষেধাজ্ঞা জারি করে। চাঁদবাণিকের বিরুদ্ধে গড়ে তোলে ঘৃণ্য ষড়যন্ত্র :—

"বল্লভ॥—ও।—চন্দ্রধর সম্পর্কে তোমার মনোগত অভিপ্রায় কী?

বেণী॥ (জিভকেটে)—আমার তো ব্যক্তিগত কোনো অভিপ্রায় থাকাই উচিত নয়, প্রভু। অভিপ্রায় শাসনবিধির। সে বিধির কাজ হোল, সমাজের যে আকার আছে তারে এক নিয়মের শৃঙ্খলে বেঁধে পরিপাটী করে রাখা। এই নিয়মভঙ্গের উচ্ছৃঙ্খল প্রবণতা কখনো তো কোনো সমাজেই প্রশ্রয় পেতে পারে নাক!"

আলোচ্য নাটকে চাঁদের একদা শিক্ষাগুরু আচার্য বল্লভের সময়ের স্রোতে মানসিক পরিবর্তনটুকু একান্তভাবে লক্ষ্যণীয়—"অর্থহীন জীবনের এই কালীদহে শুধু যেন ঘূর্ণাচক্র ঘোরে। সেই চক্রে সূর্য বলো, চন্দ্র বলো, তারা বলো, সব যেন বুদ্বুদের মতো মুহূর্তেই লুপ্ত হয়্যা যায়। সত্য শুধু অন্ধকার, 'মনসার সর্পিল আন্ধার!" আচার্য বল্লভের এই

উচ্চারণ যে অনন্যোপায় আত্মসমর্পণ তাই শুধু নয়, চাঁদবণিকের শিক্ষাগুরুর এই আপোষ চাঁদবণিকের লড়াইকে আরো কঠিন করে তোলে। শুধু তাই নয়, চাঁদবণিকের সহধর্মিনী, স্ত্রী সনকা-ও আদর্শগতভাবে চাঁদবণিকের থেকে বেশ কিছুটা দূরে। সনকাকে মনসামঙ্গালের ঘেরাটোপের বাইরে টেনে এনেছেন শম্ভু মিত্র। তাই মেঘনাদবধকাব্যের চিত্রাঙ্গাদা-র মতই সনকা আপন সংসারের মঙ্গালার্থে যা খুশি বলতে পারে, করতে পারে,—"সদাগর, তুমি ভালো করো বিবেচনা করো—জীবনের সব অর্থ গণনায় কই পাওয়া যায়? দিনমানে যে আলোক দেখি, সেইট্যা তো জীবনের একমাত্র সত্য নয়!" আবার লখিন্দর আধুনিক সময়ের যুবকের মতই পিতাকে প্রথমদিকে অভিযুক্ত করেছে তীক্ষ্ণভাবে, "কেন তুমি এই পথ বেছ্যে নিয়্যেছিলে? ঘর পেলে? শান্তি পেলে? সমাজে সম্মান পেলে? উপরন্তু তোমার কারণে আমার মায়েরে কেন অপমান হতে হয়?" বাস্তবে চাঁদের এই সংকট, এহেন সর্বব্যাপ্ত প্রতিপক্ষ—এঁরা যেন মনসারই প্রতিনিধি আধুনিক সময়ে। এহেন সংকটে চাঁদের পাশে দাঁড়াবার মতোন কেউ নেই। চাঁদ নিঃসঙ্গ, শুধু আদর্শ আঁকড়ে থেকেছে,—যেমন থেকেছিলেন নাট্যকার শম্ভু মিত্র—জীবন সংকটের মধ্যে—একাকী, নিঃসঙ্গ।

মনসামঙ্গালের চাঁদ সদাগরের কাহিনি এখানে নিছক চাঁদের সংকটের কাহিনি নয়, স্বতন্ত্র চম্পকনগরীর কাহিনিমাত্র নয়,—আধুনিক সময়ে ব্যক্তিস্বাতন্ত্র্যের সংকটরূপে চিহ্নিত, আধুনিক স্বার্থমগ্ন জীবনের কুটিল রাজনীতি পুরাণের আবহ অতিক্রম করে আমাদের দৈনন্দিন অভিজ্ঞতায় মিলে যেতে চায়,—"আর চতুর্দিকে হাওয়ারও অবস্থা দেখ্যা—বেণীও বুঝ্যেছে, যে মানুষের অভিযানে বাধা দিতে নাই। বরঞ্চ সহায়তা করাটাই গদিরক্ষণের উচিত কর্তব্য। বুঝ্যেছ না?"। এমন পরিবেশে বেমানান চাঁদবণিককে তাই আচার্য বল্লভ বলতে পারে, "সে অনেক রাজনীতি চন্দ্রধর, তুমি তার হদিশ পাবে না।" আলোচ্য 'চাঁদবণিকের পালা' নাটকটির আধুনিক রূপায়ণের ক্ষেত্রে নাট্যকার শম্ভু মিত্র এমনকিছু পরিবর্তন ঘটিয়েছেন যা একান্তভাবেই সমকালীন দৃষ্টিভঙ্গিমার প্রতিফলন, যেমন : চাঁদের পুনর্বার অভিযানে রাজনীতি, লখিন্দরের যাত্রার আয়োজন, বেহুলা-লখিন্দরের আত্মহত্যা, বিশ্বকর্মার পরিবর্তে তারাপতি কর্মকার।

৮.৫ চাঁদবণিকের পালা : তত্ত্বানুসন্ধান

শম্ভু মিত্রের 'চাঁদবণিকের পালা' নাটকে চাঁদের সংকট, ক্রমিক পতন, হতাশার অন্ধকারে ক্রমশ ডুবে যাওয়া—এ সমস্তই ভয়ঙ্কর একাকীত্বের সূচক হয়ে দাঁড়ায়। 'শাশ্বত রাত্রির বুকে' চাঁদবণিক 'অনন্ত সূর্যোদয়ের' সাধনা করেছে। জীবনানন্দের মতোই চাঁদ যেন বলতে চায়, "একটি আলোক নিয়ে বসে থাকা চিরদিন

নদীর জলের মতো স্বচ্ছ এক প্রত্যাশাকে নিয়ে।" ('আবহমান' : জীবনানন্দ)।

চাঁদবণিকের অভিযান আপাতদৃষ্টিতে ব্যর্থ, কিন্তু সেই ব্যর্থ অভিযানই অনুপ্রেরণা জোগাবে নতুন অভিযাত্রীদের—"পাড়ি দেও। এ আন্ধারে চম্পকনগরী তবু পাড়ি দেয় শিবের সন্ধানে।" চাঁদবণিকের অভিযানের ব্যর্থতা এই চম্পকনগরীর পতনের সীমানা নয়, ব্যাপকভাবে সমাজের রন্ধ্রে রন্ধ্রে যে স্বার্থপরতা, ঈর্ষা, দ্বন্দ্ব একজন ব্যক্তিস্বাধীনতাপ্রিয় মানুষের জীবনকে দুর্বিষহ করে তুলেছে,—তাকেই স্পষ্ট করেছেন নাট্যকার শম্ভু মিত্র।

আমাদের মনে হয়, বাংলা নাটকে 'চাঁদবণিকের পালা'-র প্রাসঙ্গিকতা বিচারে তত্ত্বগত বাধা একটি বড় বাধা। তবু এই নাটকের তত্ত্বানুসন্ধানেই নাটকটির শিল্পকর্মের সার্থকতা খুঁজে নেওয়া সম্ভব। কেননা আপাত বিরোধিতার বা আপাত অসঙ্গাতির ফলে যে বিচিত্র সংকটপূর্ণ বাস্তবতা শিল্পকর্মে স্পষ্ট হয়, তত্ত্বের পথ ধরে তাকে সহজে ধরা যায়। যদিও শিল্প থেকে তত্ত্বেও, আবার সেখান থেকে শিল্পে ফিরে যাওয়া যেকোনো শিল্পকর্মবিচারে চট্-জলদি পথ হিসেবে চিহ্নিত হয়। বস্তুত আলোচ্য 'চাঁদবণিকের পালা' নাটকে এমনই চট্-জলদি পথের হাতছানি রয়েছে। কখনো বা মনে হয়, শিল্পের

যে জীবন তা অনেকটাই যেন সেই তত্ত্বের সঙ্গতিতে সজ্জিত।

আমরা দেখেছি চম্পকনগরীর ঐতিহ্য চাঁদ স্বীকার করেছে, আবার চম্পকনগরী স্বীকার করে নিয়েছে চাঁদবণিকের পতনের বর্তমানকে। আলোচন্য নাটকের তিনটি পর্বজুড়ে সেই পতনের ক্রমিক তীব্র বেগ-ই যেন নাটক হয়ে ওঠে।

৮.৬ চাঁদবণিকের পালা : চরিত্র বিচার

'চাঁদবণিকের পালা' নাটকটি চাঁদবণিক কেন্দ্রিক। নাট্যকার শম্ভু মিত্র আধুনিক সময়ে ব্যক্তিস্বাধীনতা, গণতন্ত্র ইত্যাদি সম্পর্কে নিজস্ববোধ স্পষ্ট করতে গিয়ে চাঁদবণিক চরিত্রকে তাঁর নাটকের ভরকেন্দ্রে স্থাপন করেছেন। অপরাপর চরিত্রগুলি চাঁদ চরিত্রকে উজ্জ্বলতর করার প্রক্রিয়ায় সামিল হয়েছে। নাট্যকার শম্ভু মিত্র আলোচ্য নাটকটির নামকরণের মধ্য দিয়েই স্পষ্ট করে দিয়েছেন তাঁর নির্দিষ্ট লক্ষ্য, গন্তব্য।

চাঁদবণিক : 'চাঁদবণিকের পালা' নাটকের সূচনাংশে চাঁদের একটি সংলাপের মধ্য দিয়ে চাঁদ চরিত্রের উন্মোচন,—"কিন্তুক, এটাও যেন ভাই, বেভ্‌ভুল না হয়, যে, আমাদের পথে হল দুরন্তর বাধা। সমাজে, সংসারে,—দেখো, সবায়েতো আমাদের খালি অপবাদ দিবে। আপন ঘরের লোকে, আত্মীয়স্বজনে, আমাদের খালি গালমন্দ দিবে। কেননা, তুমি যে শিবের ভজনা করো। যেটা সত্য মনে করো সেটারে যে তুমি মন খুল্যে সত্য বলো—এই ট্যাই অপরাধ।..... আমাদের পথ সত্য, চিন্তা সত্য, কর্ম সত্য, আমাদের জয় কেউ ঠেকাতি পারে না।" সততা ও নিষ্ঠাকে সম্বল করে সমুদ্রের বুকে পাড়ি দেবার সংকল্পে চাঁদবণিক এগিয়ে এসেছিল। চাঁদবণিকের স্বপ্ন ছিল তার ভাবনা নিশ্চয়ই বাস্তবায়িত হবে। আলোচ্য নাটকের ঘটনা পরম্পরায় আমরা লক্ষ্য করি যে চাঁদবণিকের স্বপ্নপূরণের পথে বাধা হয়ে দাঁড়ায় দেবী মনসা,—আধুনিক সময়ের প্রাতিষ্ঠানিক শক্তিরূপে সবার অলক্ষ্যে মনসা চাঁদের অভিযান ব্যর্থ করে দিতে চায়। কারণ? কারণ এই, চাঁদবণিক শিবের ভজনা করে। কিন্তু মনসার সর্বাতিশয়ী আধিপত্যে চাঁদবাণিকের আনুগত্যহীনতা মনসা সহ্য করতে পারে না। এরই নাম বুঝিবা ক্ষমতায় অন্ধ স্বৈরাচার! তাই ব্যক্তিগত আরাধনায় চাঁদের ব্যক্তিস্বাধীনতা স্বীকারে রাজি নয় মনসা ও তার দলবল। ক্ষমতার প্রতাপে অন্ধ মনসা ও তার দলবল চাঁদকে ধনে-প্রাণে শেষ করতে চায়। শুরু হয়ে যায় চাঁদবণিকের কঠিন লড়াই। হীন, ঘৃণ্য ষড়যন্ত্রের শিকার চাঁদবণিক একে একে হারাতে থাকে অভিযানসঙ্গী, পরিবার, অস্তিত্ব রক্ষার বাস্তবভূমি!

চাঁদবণিক যেহেতু সত্যনিষ্ঠ, তাই সে মানতে পারে না যে সত্য পরাজিত হবে,—"মিথ্যা যতোই প্রতাপশালী হোক, তবু সে ভঙ্গুর, অবশেষে সত্য জয়ী হয়? জীবনে সত্যের জয় অবশ্য নিশ্চিত?" চাঁদবণিকের এই ভাবনার উত্তরে আচার্য বল্লভ (যিনি চাঁদের শিক্ষাগুরু) অবস্থার চাপে যিনি বদলে গেছেন, তিনি উত্তর দেন,—"ভুল, ভুল, মহাভুল,—.....ইতিহাস খুল্যে দেখো, অবশেষে চিরকাল মিথ্যা জয়ী হয়্যা এল। রামচন্দ্র জানকীরে উদ্ধারের লেগ্যে পুণ্যযুদ্ধ করে, কিন্তু, সে জয় তো সাময়িক। প্রজাদের মিথ্যা কুৎসা শুন্যা গর্ভবতী পত্নীট্যায়রে পুনরায় বনবাসে দিতে হয়। সেই হোল অবশেষে। কার জয় হয়? সেই অবশেষে?" একদা শিক্ষাগুরু আচার্য বল্লভের এই কথায় চাঁদ বড় কষ্ট পায়। চাঁদ গভীর মনোবেদনায় লক্ষ্য করে কীভাবে 'আমাদের মানুষিতা নষ্ট হয়্যা যায়'। মন্যুষত্ব নষ্ট হবার ইতিবৃত্তে আচার্য বল্লভের সংযোজন চাঁদকে এক অন্যতর অনুভবে পৌঁছে দেয়। চাঁদ অনুভব করে যে এমন এক সময় উপস্থিত হয়েছে যেখানে জ্ঞানের সম্মান নেই, সুভদ্র মানুষ নেই, আপন স্বার্থ ছাড়া অন্য কোনো চিন্তা মানুষের নেই। সেই কারণেই নাটকের প্রথমদিকে চাঁদের সন্তান লখিন্দরও অভিযোগ করে,—"নাটুয়ার মতো রাজা সেজ্যে ভেব্যেছিলে সত্য বুঝি রাজা হয়্যা গেছ"!

কিন্তু যাবতীয় সততা, সাহস, পরিশ্রম সত্ত্বেও চাঁদবণিক ক্রমাগত বিপর্যস্ত হতে হতে শেষপর্যন্ত মিথ্যার কাছে, যুক্তিহীনতার কাছে, ক্ষমতার প্রতাপের কাছে অনন্যোপায় আপোষ করতে বাধ্য হয়েছে,—"আমি পূজা দিব। পূজা দিব। জানিনে তো সে মানুষ আছি কী না। তবু পূজা দিব।" অবশেষে বাধ্য হয়ে চাঁদবণিক মনসার পুজো দেয়। পুজো দিতে হয়। সর্বগ্রাসী ক্ষমতালোলুপতার কাছে হার মানে সৎ, পরিশ্রমী, সাহসী ব্যক্তি চাঁদবণিক!!

সনকা ও বেহুলা

শম্ভু মিত্রের 'চাঁদবণিকের পালা' নাটকের দুই নারী চরিত্র সনকাও বেহুলা ব্যক্তিগত সম্পর্কে শাশুড়ী-পুত্রবধূ হলেও জীবন সম্পর্কে দৃষ্টিভঙ্গিমায় একেবারে বিপ্রতীপ অবস্থানে নাট্য অভিপ্রায় সিদ্ধ করেছে!

সনকা চাঁদবণিকের স্ত্রী, লখিন্দরের মা, বেহুলার শাশুড়ী। ভারতীয় গৃহবধূর দৈনন্দিন আচার-আচরণের সর্বোত্তম প্রকাশে সনকা এখানে অকুণ্ঠ। চাঁদের আদর্শ, সততা, অভিযান ইত্যাদি কোনোকিছুতেই সনকার ব্যক্তিজীবনকে প্রভাবিত করেনি। সংসারের মঙ্গলকামনায়, পরিবারের কল্যাণে যেকোনোরকম আপোষে বিশ্বাসী সনকা। এখানেই স্বামী চাঁদবণিকের সাথে তার ঠাণ্ডা লড়াই। চাঁদবণিক চায় যে তার সহধর্মিণী অন্তত তার আদর্শের সম্মান করুক, তার তীব্র কঠিন লড়াইয়ে সামিল হোক। কিন্তু তা তো হবার নয়। চাঁদের মতোন চিন্তার উচ্চক্ষমতা, আদর্শে অটল থাকার তীব্র সহ্যশক্তি, সততায় অকুণ্ঠ থাকার মানসিক জোর সনকার নেই। তাই সনকার একমাত্র কামনা—

"এ গৃহে কল্যাণ হোক, পাপ দূর হোক।
সর্ববিধ অমঙ্গল দূরীভূত হোক॥
স্বামীর মঙ্গল হোক, পুত্রের মঙ্গল।
লক্ষ্মীর প্রসাদে যাক সর্ব অমঙ্গল॥"

এমনকি মনসার পুজো করতে নারাজ স্বামী চাঁদবণিকের প্রতি সনকার ক্ষোভ সনকা আপন ভাষায় অকুণ্ঠ চিত্তে ব্যক্ত করেছে—".....আগুকার কথা হোল তুমি অহঙ্কারী। আপনার অহঙ্কার তোষণের তরে তুমি লড়াই করেছ। শিব সেথা উপলক্ষ্য মাত্র।" বস্তুত, চাঁদের কারণে সনকার পরিবার যে বিপন্ন এই বাস্তব সত্য সনকাকে কখনো কখনো সম্পূর্ণভাবে স্বামীবিরোধী অবস্থান নিতে সাহায্য করেছে। সনকার ধ্যান-জ্ঞান-স্বপ্ন এই যে তার সংসার যেন অটুট থাকে, মঙ্গল ও শান্তি যেন সর্বদা সংসারে থাকে। তাই স্বামীর জীবনদর্শন সনকার কাছে নিছকই চাঁদের অযথা অহঙ্কারের ক্ষেত্রমাত্র,—".....পত্নী বলো, পুত্র বলো, তোমার সংসার বলো,—সকলেরে সর্বদা তুমি তোমার গর্বের যূপকোষ্ঠে বলি দিয়্যা পাড়ি দিতে গেছ।" অথবা, ".....আদর্শ নিষ্ঠার অন্তরালে যে-মানুষ আছে, সেটা ওই অহঙ্কারী কুচরিত্র চাঁদসদাগর।"

বস্তুত চাঁদের লড়াই কঠিন থেকে কঠিনতর হয়েছে ঘরের প্রতিবন্ধকতায়, সনকার বিরোধিতায়। কিন্তু লখিন্দর ও বেহুলার আত্মাহুতির পর সনকা যখন সম্পূর্ণ একা হয়ে যায়, তখন তার কণ্ঠস্বরে সংসার বাঁচানোর প্রাণান্তকর ব্যর্থ চেষ্টার ক্লান্ত সুর শোনা যায়,—".....হায়, একী হোল সদাগর! তুমি শিবভক্ত, শিবপূজ্যা কর্য়া গেছ;—আমি তোমার বিরুদ্ধে মনসার পূজ্যা কর্য়া গিছি—শত্রু পরস্পর! তবু দেখ আজ দুজনাই বস্যা আছি অসার্থক জীবনের শটিত জঞ্জাল নিয়্যা। কেন ওই পরিণতি হোল সদাগর? তাইলে কি জীবনে কোথাও কোনো সত্য নাই?.....এট্টা কিছু কও সদাগর। তুমি ছাড়া আর আমার কেউ তো এখন নাই।"

অন্যদিকে বেহুলা যেন আধুনিক সময়ের প্রতিনিধি। বস্তুত এক সর্বব্যাপী আশ্বাসহীন, বিশ্বাসহীন ভয়ঙ্কর অন্ধকারে স্বপ্ন ও আকাঙ্ক্ষার প্রতিমূর্তিরূপে চাঁদের যে ধ্বংসচিত্র আলোচ্য নাটকে চিত্রিত, সেখানে বেহুলা চরিত্রের উপস্থিতি যেন এই বাক্য উচ্চারণ করে, "জীবন যখন শুকায়ে যায়, করুণাধারায় এসো"। মনসামঙ্গালের আবহ থেকে সম্পূর্ণ

স্বতন্ত্র ভঙ্গিমাতে উপস্থিত বেহুলা। তাই বেহুলা আলোচ্য 'চাঁদবণিকের পালা' নাটকে নিছক লখিন্দরের স্ত্রী অথবা চাঁদবণিকের পুত্রবধূ হিসেবে উজ্জ্বল নয়। মনসামঙ্গাল কাব্যের বেহুলা যেখানে একমাত্রিক স্থিরকলা ভারতীয় আদর্শে পতিব্রতা নারীর পরিচয়ে অবগুণ্ঠিতা হিসেবে আমাদের দৃষ্টির আড়ালেই থেকে যায়,—সেখানে আমাদের আলোচ্য 'চাঁদবণিকের পালা' নাটকের বেহুলা যেন আধুনিক সময়ের চিন্তা-ভাবনা সমৃদ্ধ উচ্চকণ্ঠ এক আধুনিক নারী। এক নিতান্ত আটপৌরে মধ্যবিত্ত পরিবারের শান্তিপূর্ণ জীবনের মধ্যমণি ছিল যে বেহুলা,—সে চাঁদবণিকের সংকটপূর্ণ জটিল ঘূর্ণাবর্তের সংসারে এসে নিজস্ব বিচারবোধের দ্বারা চালিত হয়েছে।

সেই কারণে বেহুলাকে বেহুলার শাশুড়ী সনকা যখন প্রাণাধিক লখিন্দরকে পিতার পথ অনুসরণে নিবৃত্ত করার আপ্রাণ চেষ্টায় বলে, "...এই বেরে পিতা তার যতো চেষ্টা পাক, লখাই তো আর কভু পাটনে যাবে না।—আজ রাতে এই কথা বুঝ্যায়ে সম্মত করো স্বামীরে তোমার। প্রতিজ্ঞা কর্যাবে—সর্বদা তোমারে যেন নিকটে-নিকটে রাখে।"—তখন বেহুলা উত্তর দে,—"কিন্তুক, চাঁদবণিকের বংশধরে আমি পাড়ি দেওনের পথে কেমনে মা বাধা দিব? সেইট্যা তো অন্যায় হবে।" বেহুলার এহেন উচ্চারণ যে পক্ষান্তরে চাঁদবণিকের লড়াইয়ের প্রতি তার সমর্থন ঘোষণা তা আর বলার অপেক্ষা রাখে না।

আলোচ্য 'চাঁদবণিকের পালা' নাটকে চাঁদবণিক পাড়ি দিয়েছিল।—কিন্তু 'বহর' নিয়ে ফিরতে পারেনি। লখিন্দর তো পাড়ি দিতেই পারে না। শুধুমাত্র এক বালিকাবধূ, যার নাম বেহুলা, যার কপালে বাসরের সিঁদুর, সে কলার মান্দাসে পাড়ি দেয় এক অমোঘ-আত্মবিশ্বাসী উচ্চারণে,—

"স্বামীরে সঙ্গাতি লয়্যা ত্রিকাল জাগর হয়্যা—
জীয়নের মন্ত্র খুঁজে ফিরিবে অন্তর।
খুঁজিব কোথায়, কবে, এ বিষ নামিয়া যাবে
একেবারে সুস্থ হবে স্বামীর শিয়র।"

অবশেষে সেই বালিকাবধূ বিজয়িনী হয়ে চম্পকনগরীতে ফিরে আসে। যে জয়ের অভাবে চাঁদবণিক 'ইতহাস' থেকে স্থলিত হয়েছিল চম্পকনগরীতে,—সেই জয় এই বালিকাবধূ বেহুলা তার নির্বাচনের অধিকারে তুচ্ছ করে দেয়। বেহুলা তার সৎ দ্বিধা ও সৎ লজ্জা নিয়ে চাঁদবণিকের কাছে তাই বলে, "কতো গর্ব কর্যেছিনু মনে চাঁদবণিকের মতো বিরাট মানুষ আমার শ্বশুর হবে। আর তোমারি এ চিরজীবনের অটল প্রতিজ্ঞা ভ্যাঙ্গ্যায়েছি আমি। জীবনেতে কোন পথে চল্যা কোথায় যে পৌঁছ্যায় মানুষ (আবার কাঁদে)। শেষপর্যন্ত লখিন্দরের সাথে একযোগে বিষপানে বেহুলার আত্মবিসর্জন এ নাটকে সবচাইতে চমকপ্রদ ঘটনা। আত্মবিসর্জনের অধিকার প্রতিষ্ঠার মধ্য দিয়ে বেহুলা যেন তার শ্বশুরের ব্যক্তিস্বাধীনতা প্রতিষ্ঠার লড়াইকে অন্যমাত্রায় পৌঁছে দেয়।

লখিন্দর : আমরা 'মনসামঙ্গাল' কাব্যে লখিন্দর চরিত্রের যে উপস্থিতি লক্ষ্য করি, তা নেহাৎ-ই নগণ্য। সেখানে লখিন্দর চাঁদবণিকের পারিবারিক বৃত্তের অন্তর্গত যেন এক উপেক্ষিত চরিত্র। এই চরিত্রের সেখানে কোনো ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ, ব্যক্তিপরিচয় তেমনভাবে উজ্জ্বল হয়ে ওঠেনি। আসলে 'মনসামঙ্গাল' কাব্যে লখিন্দর যেন এক বৃহত্তর অভিপ্রায় পূরণে 'উপলক্ষ্য' মাত্র। সেখানে লখিন্দরের সর্পদংশনে মৃত্যু ও বেহুলার দ্বারা কলার মান্দাসে ভেসে যাওয়া এটুকু ছাড়া লখিন্দরের ব্যক্তিস্বাতন্ত্র্যের কোনো আলাদা পরিচয় নেই।

কিন্তু আলোচ্য 'চাঁদবণিকের পালা' নাটকে লখিন্দর চরিত্রকে সম্পূর্ণ অন্য মাত্রা দান করেছেন নাট্যকার শম্ভু মিত্র। লখিন্দর চরিত্রের ক্রমিক বিবর্তন ও পরিণতি লক্ষ্য করার মতো। সনকা চাঁদবণিকের প্রবল আদর্শনিষ্ঠতাকে সংসারের খাতিরে যেমন মেনে নিতে পারেনি, তেমনই প্রথমদিকে লখিন্দর তার পিতার কর্মকাণ্ডকে নিছক এক ব্যক্তির আপন

গোঁয়ার্তুমি হিসেবেই দেখেছিল। তাই সে পিতা চাঁদবণিককে প্রশ্ন করেছিল তীব্রভাবেই—"কেন তুমি এই পথ বেছ্যে নিয়্যেছিলে? ঘর পেলে? শান্তি পেলে? সমাজে সম্মান পেলে? উপরন্তু তোমার কারণে আমার মায়েরে কেন অপমান হতে হয়? মোরে কেন অপমান হতে হয়? তোমার এ উন্মত্ত আদর্শের দায়ে আমাদের সহজে বাঁচ্যার পথ কেন রুদ্ধ হয়?....."। লখিন্দরের এই উক্তি থেকেই প্রমাণিত যে প্রথমদিকে সে নিছক 'মায়ের ছেলে' হিসেবে আর পাঁচটা সাধারণ ছেলের মতোই পারিবারিক দুর্যোগে পিতাকে দায়ী করেছে। তাই লখিন্দরের উপরোক্ত অভিযোগের জবাবে যখন চাঁদবণিক বলতে চায়,—"..... লখিন্দর! অপরাধবোধ ঢোকাসনে অন্তরে আমার। তাইলে আমার সব শক্তি ভেঙে যাবে। আমি কোনো অপরাধ করি নাই।" পিতার এই জবাবে তখনও সন্তুষ্ট হয় না লখিন্দর। সে চাঁদের দিকে তাকিয়ে আঙুল তুলে প্রত্যেকটা কথাকে বিশিষ্ট করার মতো করে বলে—"নিজেরে যে মানুষের চায়্যা কিঞ্চিৎ বিরাট-আকৃতি বল্যে মনে কর্য়েছিলে এই অপরাধ। নাটুয়ার মতো রাজা সেজ্যে ভেব্যেছিলে সত্য বুঝি রাজা হয়্যা গেছ,—বিষ্ঠার ঢিবিতে খাড়া হয়্যা ভেব্যেছিলে ডিঙ্গি মেরে বুঝি আকাশটা ছুঁয়ে দেয়া যায়,—এই অপরাধ।.....এ তোমার পাপ। বুঝ্যেছ কি?—বোঝো আর নাই বোঝো, মানো বা না মানো, আমাদের সর্বনাশে দায়িত্ব তোমার। (ক্ষুব্ধ ব্যঙ্গে) হে পিতৃপুরুষ, তোমার এ আত্মঘাতী যজ্ঞের বহ্নিতে আমরা আহুতিমাত্র তোমার ও কৃতাঞ্জলিপুটে।"

পারিবারিক বিপর্যয়ে লখিন্দর যে কতটা বিপর্যস্ত তা তার উক্ত বক্তব্য থেকে আমরা বুঝতে পারি। এই লখিন্দর পিতার আজ্ঞাবহ মধ্যযুগীয় পুত্র সন্তান নয়। আধুনিক সময়ের সন্তান। তাই পিতার কারণে সংসারে যে বিপর্যয় তা পিতাকে সরাসরি জানাতে লখিন্দরের কোনো দ্বিধা নেই। নাট্যকার শম্ভু মিত্র অত্যন্ত স্বাভাবিকভাবেই পুত্র লখিন্দরের ক্ষোভের প্রকাশ বর্ণনা করেছেন। অর্থাৎ লখিন্দর চরিত্রটি প্রথমাবধি ছাঁচে ঢালা চরিত্র নয়। তাই চরিত্রটির বিবর্তন লক্ষ্য করার মতো। ক্রমশ কালের অমোঘ নিয়মে লখিন্দর অনুভব করে যে পরিস্থিতির জন্য পিতাকে একা দায়ী করা ভুল হচ্ছে। পরিবারে-প্রতিবেশে-দেশে যে অদ্ভুত আঁধার নেমে এসেছে তার জন্যে তার পিতা দায়ী নয়। বরং পিতাও এই আঁধারের শিকার, তাই তিমিরবিনাশী হতে চেয়ে পিতা চাঁদবণিক পাড়ি দিতে চায়। লখিন্দর বুঝতে পারে যে তার পিতা চাঁদবণিক নিজ আদর্শে অবিচল থেকে পাড়ি দিতে চায় এটাই তার একমাত্র অপরাধ! তাই লখিন্দরের অকপট 'কনফেসন্' বা স্বীকারোক্তি বিশেষভাবে উল্লেখযোগ্য,—"আমারে মার্জনা কোরো। অকারণ বহু কটুকথা কয়্যেছি তোমারে। এতোদিন শুধু অপরে কী করে নাই তাই নিয়্যা অভিযোগ কর্য়া গেছি। ব্যঙ্গ কর্য়া কয়্যেছি যে, পিতৃপুরুষেরা অদ্ভুত পৃথিবী এক রেখ্যে গেছে আমাদের তরে।.....তুমি পুনর্বার পাড়ি দেও পিতা।"

'চাঁদবণিকের পালা' নাটকের দ্বিতীয়পর্বের শেষ দৃশ্যটি পিতা-পুত্রের আবেগঘন সংলাপে, আন্তরিক উচ্চারণে একেবারে অন্যতর। এখানেই মনসামঙ্গল কাব্যের লখিন্দর চরিত্রের তুলনায় আলাদা হয়ে যায় আমাদের আলোচ্য 'চাঁদবণিকের পালা' নাটকের লখিন্দর চরিত্র। তাই তাকে আমরা বলতে শুনি,—"পিতা,—আশৈশব কল্পনার পিতা তুমি,—বীর পিতা,—ধন্য লখিন্দর তুমি তার পিতা,—পাড়ি দেও পিতা। আমি অনুচর হয়্যা সাথে সাথে যাব। আমারে তোমার অনুচর কর্য়া নেও পিতা।" এই উক্তিতেই লখিন্দর হয়ে ওঠে সবার্থেই আধুনিক সময়ের পুত্র সন্তান। যুক্তির কষ্ঠিপাথরে পিতা চাঁদবণিকের কার্যক্রম বিশ্লেষণে লখিন্দরের কাছে এই সত্য ধরা পড়ে যে প্রাতিষ্ঠানিক শক্তির (এখানে মনসা) অন্যায় আচরণে পিতা চাঁদবণিক প্রতিস্পর্ধী শক্তি হিসেবে বিরোধী হওয়ায় এই দুর্ভোগ। আধুনিক চিন্তার স্বচ্ছতায় লখিন্দরের কাছে দিনের আলোর মতো স্পষ্ট হয়ে যায় পিতার আদর্শায়িত পথ ও মনসার প্রতিবন্ধকতা। এরপরেই আলোচ্য নাটকে লখিন্দর-বেহুলার বাসরঘরের দৃশ্যটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। লখিন্দর তার বাসরশয্যায় নববধূর পাশে শুয়ে যে কথা উচ্চারণ করে, তা ক্রমশ আলোচ্য নাটকে লখিন্দরের জীবনে ধ্রুবপদ হোয়ে দাঁড়ায়,—".....জানো না কি চারিদিকে কতো হিংসা, কতো লোভ,—তুমি জানো না বেহুলা, জীবনের প্রতিযোগিতায় পদে-পদে এতো দ্বন্দ্ব, এতো গ্লানি, এতো কুটিলতা,—পৃথিবীর বুক থিক্যা এরা যেন 'প্রেম' অনুভবট্যারে নষ্ট কর্য়ে দিতি বদ্ধপরিকর। ঠিক। এবার বুঝ্যেছি আমি।

ইয়াদের সাথে ইয়াদের রণনীতি অনুসারে যুদ্ধ কর্য়ে জয়লাভ করণের আশাটাই ভ্রান্তপথ। তাতেই প্রথমে প্রেমট্যারে বলি দিতি হয়। কেননা যে জয়ী হতে হবে। যেকোনো উপায়ে তখন তো জয়লাভ করাটাই প্রধান কর্তব্য হয়। এইট্যাই ভ্রান্তপথ"। লখিন্দরের এই উক্তি গভীরতার জীবনবোধের প্রতীক হয়ে দাঁড়ায়! আলোচ্য নাটকে যে সংঘাতকে কেন্দ্র করে নাট্য কাহিনির বিস্তার। তাকে যেন চিহ্নিত করে দেয় লখিন্দর।

অতপর বাসরঘরে সর্পদংশনে লখিন্দরের মৃত্যু। মৃত লখিন্দরকে নিয়ে কলার ভেলায় বেহুলার যাত্রা, দেবদেবীদের সন্তুষ্ট করে লখিন্দরের প্রাণ নিয়ে বেহুলার ফিরে আসা এসবই মনসামঙ্গাল সূত্রে আমাদের অত্যন্ত পরিচিত ঘটনা। কিন্তু যে ঘটনা আমাদের জ্ঞানের অতীত তা হলো নতুন জীবন নিয়ে ফিরে আসা লখিন্দরের অন্যতর অনুভবের তীব্র প্রকাশ—".....আমারি কারণে মোর পিতা মনসার পূজা দিল, তার পাছে সসম্মানে বেঁচ্যে রব আমি? মনসার দোরে যায়্যা অসম্মানে ভিক্ষা কর্য়া তুমি ব্যাঁচালে আমারে,.....বাসরের রাত্রে একবার মনে হয়্যেছিল দুইজনা মর্য়ে যাই। বেহুলারে, আজ সেই বাসরের রাত হোক।.....কোন্ পরিচয় নিয়্যা লখিন্দর বেঁচ্যে রবে চাস তুই বল্?"

লখিন্দরের এই উক্তি এবং এর পরের ঘটনা নাট্যকার শম্ভু মিত্রের অনন্য সাধারণ ভাবনার প্রকাশ বলেই চিহ্নিত হয়। লখিন্দর তার স্ত্রীকে সঙ্গে নিয়ে আত্মহননে সামিল হয়। লখিন্দরের স্ত্রী বেহুলা-সহ আত্মহত্যা এক প্রবল প্রতিবাদ ও পিতার আদর্শে অটলভাবে নিজেকে ধরে রাখার আকুতি হিসেবে চিহ্নিত হয়।

অন্য একটি অপ্রধান চরিত্র : 'চাঁদবণিকের পালা' নাটকে অন্যান্য অপ্রধান চরিত্রগুলোর মধ্যে নিজগুণে বল্লভাচার্যের চরিত্রটি অত্যন্ত আকর্ষণীয় চরিত্র। বল্লভাচার্য একদা চাঁদবণিকের শিক্ষাগুরু ছিলেন। তাঁর প্রতি চাঁদবণিকের ছিল অপরিসীম শ্রদ্ধা ও ভালোবাসা। সেই শিক্ষাগুরু বল্লভাচার্য শেষপর্যন্ত অনন্যোপায় আপোষ করেছেন অন্যায়ের সাথে, অনাদর্শের সাথে,—মনসার রাষ্ট্রশক্তির সাথে। এই কারণেই চরিত্রটির গুরুত্ব আছে। নাট্যকার আলোচ্য নাটকে এমন এক সময়ের কথা বলতে চান, যেসময়ে বল্লভাচার্যের মতো মানুষ গড্ডালিকাপ্রবাহে প্রবল শক্তিধরের আনুগত্য স্বীকারে বাধ্য হয়। অন্যদিকে সেই প্রাতিষ্ঠানিক শক্তি আপন কার্যসিদ্ধির অভিপ্রায়ে বল্লভাচার্যকে ব্যবহার করতে থাকে। তারই চমকপ্রদ নিদর্শন আলোচ্য নাটকের প্রথম পর্বে আমরা লক্ষ্য করি। এখানে বল্লভাচার্য রাজশক্তির প্রতিনিধিরূপে চাঁদবণিকের কাছে এসে বলেন,—".....চন্দ্রধর, এই অভিযান তুমি পরিত্যাগ করো।" তখন চাঁদ জবাবে বলে,—"কেন প্রভু? বেণীনন্দনের ডরে?" চাঁদবণিকের এই প্রশ্নের উত্তরে বল্লভাচার্য যা বলেন তা বিশেষভাবে প্রণিধানযোগ্য,—".....বেণী নয় চন্দ্রধর, ঘটনার ডরে। জগতে এ যেন এক অন্ধকার অকাল নেম্যেছে, তারই ডরে। দেখোনা, জ্ঞানের সম্মান নাই, বিদ্যার মর্যাদা নাই, সুভদ্র আচার নাই, সুভাষণ নাই, মাংসসুখ ছাড়া অন্য কোনো সুখ-চিন্তা নাই,—ভুল্যে যাও, চন্দ্রধর, মহৎকার্যের কথা ভুল্যে যাও। শুধু কোনোমতে নিজেরে বাঁচেয়্যা রাখো। আদর্শের পাছে ছুট্যে কোনো লাভ নাই।"

বল্লভাচার্যের এই উক্তি এক লহমায় দেশ ও কালকে চিনিয়ে দেয়। বল্লভাচার্য আলোচ্য উক্তির মধ্য দিয়ে এই কথাই বলতে চান যে এক ভয়ঙ্কর সময় ও অবস্থার মধ্য দিয়ে চলেছেন সকলে। এহেন অবস্থায় কোনোক্রমে বেঁচে থাকা-ই মানুষের লক্ষ্য হয়ে দাঁড়িয়েছে।—বল্লভাচার্যের কাছেও আজ একটাই লক্ষ্য, তা হলো বেঁচে থাকা। এই কারণে আদর্শপ্রিয় চাঁদবণিক যখন বল্লভাচার্যের ঐ উক্তিতে বিস্মিত হয়ে গুরুদেবের এমন পরিবর্তন না মানতে পেরে বলে যে সবকিছু সত্ত্বেও শেষপর্যন্ত জীবনে সত্যের জয় অবশ্য, নিশ্চিত। তখন কিন্তু বল্লভাচার্য যা বলে তা সত্যই কালের অভিঘাতে পরিবর্তিত এক মানুষের কণ্ঠস্বর বলেই বোধহয়,—".....ইতিহাস খুল্যে দেখো, অবশেষে চিরকাল মিথ্যা জয়ী হয়্যা এল।" শুধু তাই নয়, বল্লভাচার্যের এহেন অদ্ভুত পরিবর্তন যে পরিবারকে বাঁচানোর জন্যে সেকথার উল্লেখ করেন বল্লভাচার্য। বস্তুত বল্লভাচার্যের চরম দারিদ্র্য, প্রাণাধিক পুত্র সূর্যের অকালমৃত্যু, পত্নীর দুরারোগ্য ব্যাধি তাঁকে রাজশক্তির সাথে অনন্যোপায় আপোষে বাধ্য করেছে। সেই কারণে নিজস্ব জীবনের উপলব্ধিতে বল্লভাচার্য বুঝেছেন যে তিনি ঘটনার দাসমাত্র, ঘটনা-ই নিয়তি। বল্লভাচার্যের এহেন নিরুপায় রূপান্তর যে বুকের ভিতরে বেদনার আগুন ধিকিধিকি জ্বালিয়ে

রেখেছে তার প্রমাণ পাই তাঁরই করুণ উচ্চারণে,—".....এ জীবন অর্থহীন। অর্থহীন জীবনের এই কালীদহে শুধু যেন ঘূর্ণাচক্র ঘোরে। সেই চক্রে সূর্য বলো, চন্দ্র বলো, তারা বলো, সব যেন বুদ্বুদের মতো মুহূর্তেই লুপ্ত হয়্যা যায়। সত্য শুধু অন্ধকার। মনসার সর্পিল আন্ধার। এই অভিযান তুমি ছেড়্যে দেও চন্দ্রধর, আদর্শের পাছে ছুট্যে কোনো লাভ নেই।"

বল্লভাচার্যের এহেন চরিত্রাঙ্কণে বস্তুত নাট্যকার আলোচ্য নাটকে চাঁদবণিকের লড়াই যে কতখানি দুর্বিষহ, কঠিন তা যেন চোখের সামনে জীবন্তভাবে দেখাতে চেয়েছেন। চাঁদের শিক্ষাগুরুর এহেন অনন্যোপায় পরিবর্তন সামাজিক পতনের করুণ চিত্রকেই উদ্‌ঘাটিত করেছে এখানে।

৮.৭ অনুশীলনী

১। 'চাঁদবণিকের পালা' নাটক কোন্ শ্রেণির রচনা?

২। চাঁদবণিকের পালা' নাটকে কোনো তত্ত্বভাবনা লুকিয়ে আছে কি? থাকলে তা আলোচনা করে বুঝিয়ে দিন।

৩। 'চাঁদবণিকের পালা' নাটকটি মধ্যযুগের কাহিনি নির্ভর অথচ আধুনিক—আলোচনা করুন।

৪। 'চাঁদবণিকের পালা' নাটকের নায়ক কে বিচার করুন।

৫। 'চাঁদবণিকের পালা' নাটকের সনকা-বেহুলা দুই বিপরীত আদর্শের প্রতীক—আলোচনা করুন।

৬। 'চাঁদবণিকের পালা' নাটকে নাট্যকার চাঁদ চরিত্রই শুধু নয়, অপ্রধান চরিত্র চিত্রণে বিশেষ গুরুত্ব দিয়েছেন।—আলোচনা করুন।

৮.৮ গ্রন্থপঞ্জি

১। নাট্যভাষ : শম্ভু মিত্র।

২। কাকে বলে নাট্যকলা : শম্ভু মিত্র।

৩। শম্ভু মিত্র : নির্মাণ ও সৃজন : কুমার রায়।

৪। বাংলা নাটকে রবীন্দ্রনাথ, গণনাট্য ও শম্ভু মিত্র : অরিন্দম চট্টোপাধ্যায়।

একক ৯ ❑ গল্প হেকিম সাহেব : মনোজ মিত্র

পর্যায় ঃ ৩ একক ঃ ৯

৯.১ ❑ নাট্যকার মনোজ মিত্র : জীবন ও সাহিত্যকৃতি

৯.২ ❑ মনোজ মিত্রের নাট্যকৃতি

৯.৩ ❑ মনোজ মিত্র রচিত অভিনীত নাটক

৯.৪ ❑ 'গল্প হেকিমসাহেব' নাটকের সংক্ষিপ্তসার

৯.৫ ❑ গল্প হেকিমসাহেবের নামকরণ

৯.৬ ❑ নাটকের চরিত্র বিশ্লেষণ

৯.৭ ❑ গল্প হেকিমসাহেবের সংলাপ ও ভাষা

৯.৮ ❑ বিভিন্ন পত্র-পত্রিকায় 'গল্প হেকিম সাহেব' সম্পর্কে নানা প্রতিক্রিয়া

৯.৯ ❑ গল্প হেকিম সাহেব : মঞ্চায়ন সম্পর্কিত তথ্যাবলী

৯.১০ ❑ প্রশ্নাবলী

৯.১১ ❑ সহায়ক গ্রন্থাবলী

৯.১ নাট্যকার মনোজ মিত্র : জীবন ও সাহিত্যকৃতি

এ সময়ের অন্যতম প্রতিভাবান, শক্তিশালী ও জনপ্রিয় নট ও নাট্যকার মনোজ মিত্র। সাহিত্য জীবনের প্রথম দিকে গল্প লিখতে শুরু করেন। বসিরহাটের কাছে দণ্ডীরহাট স্কুলে এবং কলকাতার স্কটিশ চার্চ কলেজে পড়ার সময় গল্প লিখতেন। "বসুমতী", "ছোটদের পাঠশালা" 'মশাল' ইত্যাদি পত্রিকায় তাঁর গল্প ছাপা হতো। বন্ধুদের টাকায় প্রকাশ করেছিলেন 'অন্যলোক' নামে গল্প সংকলন। সম্পাদনার দায়িত্ব পালন করেছিলেন তিনি। ভূমিকা লিখেছিলেন তৎকালীন সাহিত্যিক নারায়ণ গঙ্গোপাধ্যায়। পরবর্তীকালে নাটক ও থিয়েটারে আত্মনিয়োগ করেন। অভিনয়, নির্দেশনা ও নাটক লেখা—এই তিনটি ক্ষেত্রেই তিনি সমান দক্ষ। শহর থেকে জেলা, গ্রাম থেকে নগরের গ্রাম সর্বত্রই তিনি প্রণম্য ও আদরণীয় হয়েছেন। দুর্দান্ত ও একাধিক উজ্জ্বল শ্রেণির নাটক লিখেছেন তিনি একাধারে সময়োপযোগী মঞ্চসফল ও জনপ্রিয় নাট্যকার। কলকাতা, মফস্বল, অভিজাত, পাড়ার সৌখিন নাট্যদল, দেশ-বিদেশের সর্বত্রই তাঁর জনপ্রিয়তার পারদ ঊর্ধ্বমুখী। বঙ্গদেশের প্রতিযোগিতামূলক নাট্যমঞ্চে তাঁর স্বীকৃতি পুরস্কারেই প্রকাশ হয়েছে।

মনোজ মিত্র জন্মগ্রহণ করেন ১৯৩৮ সালের ২২ ডিসেম্বর—অবিভক্ত বাংলাদেশের খুলনা জেলার

পুলিশ। মুলজা এখন আর হয়ে গিয়েছে। পার্থসারথি পাকড়াশীরা ভোলার দু-তিন কিলোমিটার দূরে ধুলিহর। বাবা অন্নোকদুলাল মিত্র ছিলেন ব্রিটিশ সরকারের উচ্চপদস্থ কর্মচারী। অবিভাজিত পর্ব রাজার ছিলেন আরবীয় সুরাবাসে। ১৯৪৩ সালে এসেসল এসে মহাকরণে প্রবেশ করেছিলেন। মা রাজরানী দেবী। তিন ভাই ও এক বোনের মধ্যে তিনিই বড়। বাবার চাকরিতে ঘন ঘন বদলি হওয়ায় ক্লাস সেভেন থেকে স্কুল জীবন শুরু হয়। এর আগে অবিভক্ত আসিরমণ্ডাই-এর আরাধ্যই পড়াশুনা করেছেন। দেশভাগের পর এসেসল এসে পরিবারটির থাকে বর্ধমানহাটি স্কুলে ভর্তি হন। ১৯৫৪ সালে কলকাতার ঝাড়িল হার্ট কলেজে ভর্তি হন। কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বর্ণপরে এম. এ. পাস করে (১৯৬৬) অধ্যাপনা জীবিকাকুলন চট্টোপাধ্যায়ের তত্ত্বাবধানে গবেষণা শুরু করেন। তাঁর অকাল প্রয়াণে ড. সাধন ঝট্টিয়ার্জের তত্ত্বাবধানে শিক্ষাতত্ত্বে গবেষণা করতে পারেন। ড. ঝট্টিয়ার্জের প্রয়াণে প্রথমার মেধাপাড়ায় এসে পড়ে। ১৯৭১ সালের জানিয়ারি কলেজে বর্ণপরের অধ্যাপক হিসেবে যোগদান করেন। তিন বছর পর ভর্তি আসেন প্রফুল্লদল কোপারায় করেছেন। ১৯৮৬ সালে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের পরিক নিয়োগে যোগ দেন। ১৯৯৪ সালে ঘরী বিশ্ববিদ্যালয়ের শিশির কুমার ভাদুড়ি অধ্যাপক পদ অলঙ্কৃত করেন। শিক্ষক হিসেবেও তিনি অসাধিক ছাত্রছাত্রীর ভালোবাসা, শ্রদ্ধা ও সম্মান আদায় করে নেন।

